# শারদোৎসব
২০২৩



# SHAROTSAB

2023

Krishti™

KRISHTI, Lokhandwala Township, Kandivali (E), Mumbai - 400 101



**Painting by Aaron Saha**
**Cover Page - Monikorni Lahiri**

# SHARODOTSAB - 2023



## শারদোৎসব - ২০২৩

Krishti

*Reg. No. MH GBBSD 108/2006*
*Public Trust Reg. No. AF-35782 (Mumbai) 17 June 2009*

**401 Autumn Grove, Lokhandwala Township,**
**Kandivali (E), Mumbai - 400 101**

---

**Cover Page - Monikorni Lahiri**

With
Best
Compliments
From

# ENPARAJ JEGANATHAN

Krishti

Sharodotsab -2023

# Durga Pujo - 2023



## Krishti Pratima

# MAHISHASURMARDINI

KEY-TECH
ENGINEERING COMPANY

# A Trusted Name For Chemical Process Equipments

## Manufacturer and Supply

- Valves for Critical Application
- Pipe and Fittings
- Isometrics
- Pig Tails
- Chemical Process Equipments
- Materials for High Corrosion Resistance, High Temperature & High Viscous Fluids

## Material of Construction

- SS 25-22-2 / Böhler A405
- SS 316L UG / Böhler A220
- HVD1
- Ferallium 255
- DP-28W
- SS 904L
- Titanium
- Zirconium 705
- Other Special Alloys

202, Centre Point, Opp. Parel Post Office, Jijibhoy Lane, Parel, Mumbai - 400012, India.

+91 22 2470070 / 71/72/73

office@keytech.in

www.keytech.in



Krishti
pays Homage to
all Departed Soul
of its Members and
their near & dear

With
Best
Compliments
From

BM TRADA CERTIFICATION
ISO 9001:2008
UKAS QUALITY MANAGEMENT
012

OM GALAXY
PRECISION MOULD CRAFTS PVT. LTD.

Unit No. 4/5/6, Blue Chip Industrial Estate No. 5,
Waliv Phata, Satavali Road, Vasai (East),
Dist. Palghar-401208, India

Tel: 8605996655/ 8605996644/ 8605996622
Email: omgalaxy2008@gmail.com,
Website: www.omgalaxymould.com

## From the Desk of The Managing Committee

Dear Members, Associates & Well Wishers,

Wish all of you are in Best of Times.

Having successfully overcome the dreadful Covid pandemic, we now all stand stronger and resilient to be engrossed into our respective life activities.

Having faith in the Almighty, instilling trust in our prayers along with practicing Humanity and Benevolence had been the major basic Take away lessons from the Viral challenge.

KRISHTI, our Bengali organisation of pride, aims to strengthen our faith to the Supreme Power, through celebration of all major Bengali Pujas and also aspires to touch lives through its endeavours of Helping the needy fellow humans besides encouraging the cause of social bonding. All these activities are conducted with utmost sincerity, enthusiasm and devotion.

We, in KRISHTI, remain ever obliged to you all for supporting our cause through your respective contributions in the form of various coveted gestures.

Our sincere appeal will always be that you continue to stay strongly besides usand be a meaningful partner to fulfil our Religious and Social objectives.

Wish you a long healthy life garnished with success, happiness and peace

Thanks & Regards
Krishti Managing Committee

MEXFLOW®
*Quality & Dependability*

MEHTA TUBES LTD.
The Company With Mettle

MEDICAL GASES
MEXFLOW



PLUMBING & LPG
MEXFLOW



AIRCONDITIONING
MEXFLOW





ECO-FRIENDLY RECYCLABLE LONG LASTING

www.mehtatubes.com www.mexflow.com

#swadeshi
Vocal for Local

**Office:** 915-916, Plaza Panchshil, 9th floor, 55, Hughes Road, Mumbai - 400 007 INDIA. **Tel:** +91 22 23664040
**Fax:** 4340 4050. **E-mail:** sales@mehta-group.com **Website:** www.mehtatubes.com.
**Unit 1:** Char Rasta, Nanapondha, Taluka Kaprada **Dist:** Valsad, Gujarat, **Pin** - 396126, India.
**Unit 2:** Survey No. 46/1, Ganga Devi Road, Palgam, Umbergaon **Dist:** Valsad, Gujarat, Pin - 396170, India.

# Boishakhi Bondona
















With Best Compliments From


## PRAKASH STEELAGE LTD

## PRAKASH GROUP

Mr. Prakash C. Kanugo, is the Promoter, Chairman & Managing Director of the Company. He established Prakash Steelage Ltd. in the year 1991. Prakash Steelage Ltd. is a flagship company of the Prakash Group. PSL had got listed in both of the stock exchanges "BSE and NSE" in the year 2010 and engaged in the manufacturing of welded stainless steel Pipes, Tubes, and U-tubes. Prakash Steelage Ltd. is an ISO 9001: 2008 & PED Certified Company and also a "Govt. Recognized Star Export House" exporting to several MNCs into more than 40 countries across the Globe. The Company entered into a joint venture agreement in the year of 2015 with Tubacex S.A. Spain, a world leader in the manufacturing of seamless stainless steel tubes for seamless division with the factory name of Tubacex Prakash India Pvt. Ltd. At Umbergaon (Gujarat). The Joint Venture was in force till March 2021. Also, had a stainless steel pipes and tubes welded manufacturing plant at silvassa since 1996. Mr. Prakash Kanugo ji also involved in Real Estate business with name of Prakash Land Developer

*Business Associates*

*Sunrise Metal Industries - Stockiest, Supplier, Stainless Steel Coils Sheets & plates.*
*Email: sunrisemetalind.2021@gmail.com*
*Sun International - Authorized dealer of Jindal Stainless Limited, Stockiest, Supplier, Export of Sheets Coils & Plates.*
*Email: info@sunintlinc.com*
*V.K.International - Authorized dealer of Jindal Stainless Limited, Stockiest, Supplier, Export of Sheets Coils & Plates.*
*Email: sales@vkinternationalinc.com*
*Steelage Alloys LLP - Ferro's & Non Ferro's metals, Supplier, Stockiest & Exports. Email: exim@sttelagealloys.com*

Head Office: 101, 1st Floor, Shatrunjay Apartment, 28, Sindhi Lane, Nanubhai Desai Road, Mumbai- 400004, Maharastra, India

Plant: Survey No. 46/1, Village Kherdi, U.T. of Dadra & Nagar Haveli, Silvassa (India). Manufacturer: Stainless Steel Welded Pipes & Tubes.

+91-22-6613 4500
sales@prakashsteelage.com

## PROJECT - UMBERGAON, GUJARAT




Prakash Land Developers combines the expertise of its promoters Mr Hemant Kanugo & Mr Jagdish Chandan in the area of industrial plants, plot development, bungalow projects, and Commercial & residential projects across several states. Driven by the passion to deliver high-quality projects with technical superiority and superior living experiences, Prakash Land Developers continues to exceed expectations with every project. Very close to the Railway station, Jain temple, Schools, and Market place.

Regional Office: Plot No. 35 GIDC Colony, Opp. Police Station, Near Garba Mandal, Umbergaon - West. Umbergaon 396171 District Valsad. Gujarat

Site Office: New Survey No - 48 & 49, At Dahad, Umbergaon Station Road, Taluka Umbergaon, Dist - Valsad, Gujarat. 396165

prakashprojects.com
+91 98203 09051










This Industrial Park in the town of Umbergaon in South Gujarat was designed and developed to provide newly built and infrastructure-ready industrial plots for factories, warehouses, workshops, service stations, etc. This park is set upright on state highway 5 connects to the major national highway 8 and other highways and is just a few kilometers from the Umbergaon Road Railway station offering excellent road and rail connectivity.

# All are Welcome






# Pandal : Protobimbo

Atanu Mandal




Our pandal theme Protobimbo - Reflection is a deeper form of learning that allows us to retain every aspect of any experience, be it personal or professional — why something took place, what the impact was, whether it should happen again — as opposed to just remembering that it happened. It's about tapping into every aspect of the experience, clarifying our thinking, and honing in on what really matters to us.Krishti celebrate this years Durga Puja by Reflecting in its glorious past and its present to a new hight. Protibimbo, The Reflection has been designed to signify the echo of tradition, harmoniously blending past and present.Every flicker of light our Trinayani casts, unveils a narrative of resilience and cultural continuity, painting a canvas of introspection and gratitude. Amidst the kaleidoscope of colors, reflections serve as a metaphor for self-discovery, urging us to ponder our roots and forge an enlightened path ahead.With every gleaming surface, we are reminded of the interconnectedness of our stories, weaving a tapestry of collective memories and aspirations. As we immerse ourselves in the splendor of our pandal, these reflections beckon us to celebrate our shared heritage and embrace the spirit of unity and diversity.Krishti 2023 pandal Protibimbo, is designed based on Lippan Art Work comprising primarily of glass and POP. Entire design is hand crafted and is hard work of artists bases in Meerut - UP. The block of art work were transported to Mumbai and assembled to make the gorgeous pandal of Durga Pujo 2023.The Durga Pujo 2023 pandal is not only a reflection of our culture, heritage, pride but also embraces Diversity and Inclusion of Past and Present.

# Khuti Pujo





# Mandop







# Durga Puja - 2023





# Bhogh Distribution










# Sandhi Pujo





# Sindur Khela





# Baron





# Sarad Utsav







# Cultural Program







# Anandamela





# Sparsh








# Sparsh Eye Camp









# Kali Pujo



*With Best Compliments from*

# Wysetek Systems Tech

# Saraswati Pujo





With
Best
Compliments
From

# OM Security

With
Best
Compliments
From

# REAL SECURITY SERVICES (I) PVT LTD

VANDANA COTTAGE,
CARVELLO NAGAR
J.K. GRAM
THANE (W) 400606

**TEL: 022-65101341,9223271984**

With
Best
Compliments
from



ENTECH CONSULTANCY
BUREAU MADRAS P

# Krishti Committee Members
## 2022-2024

CHIRADEEP CHAKRABORTY
***Chairman***
RAADHHA KUNDU
***Vice Chairman***
SHARAD GANGULY
***President***
ATANU MANDAL
***Secretary***
NILANJANA DE
***Joint Secretary***
KAUSHIK MUKHERJEE
***Treasurer***

## Members

SUJOY DUTTA
SWARUP SAHA
RAJESH CHATTOPADHYAYA
DEBASHIS BANERJEE
KALLOL BHATTACHARYA
MALA DEVERAKONDA
SANTANU PANJA
SUBHAJYOTI DASGUPTA
ARINDAM SHOME
PRABAL MITRA
RHEETU BASU
RITABAN BASU
RAHUL NEOGI

With
Best
Compliments
From



PATEL ENGINEERING LTD

## CONTENT


| | | |
|---|---|---|
| কুলধারার কাহিনী | সর্বানী সেন | ৩৫ |
| ওয়াল্টার আর জেসি | শান্তনু ভৌমিক | ৩৮ |
| আই সি ২৩০ | সুব্রত দে | ৪০ |
| বেড়ে ওঠার গল্প | শুভম রায় | ৫০ |
| অনুরিমা | কুসুমিতা সাহা | ৫৯ |




*With Best Compliments from*

# MANIDHARI FOILS PVT LTD

# কুলধারার কাহিনী

## সর্বানী সেন

প্রত্নতত্ত্ববিদ সুতপা চট্টোপাধ্যায় প্রায়ই জয়শলমিরে আসে ভাটি রাজাদের তৈরি এই হলুদ পাথরের রাজপ্রাসাদ দেখতে, সঙ্গে অবশ্য মিউজিয়াম থেকে বিভিন্ন দরকারি তথ্য সরবরাহের কাজও থাকে, যে কদিন থাকে রবিবার ছাড়া প্রায় প্রতিদিনই মিউজিয়ামে আসতে হয় ওকে।

মিউজিয়ামের দ্বার রক্ষী তিলকরাম একদিন তাকে ধরল, ‘‘একটা কথা ছিল দিদি,’’ কুণ্ঠিত ভাবে বলল সে।

‘‘হ্যা বলো’’ বলল সুতপা।

‘‘তুমি তো এতো লেখালিখি কর, আমাদের গ্রামের কথা কিছু লিখবে না?’’

‘‘তোমাদের গ্রাম? সেটা কোথায়?’’ জিজ্ঞেস করল সুতপা।

‘‘কেন কুলধারা! এখান থেকে তো মাত্র ১৮ কিমিঃ ঐ স্যাম স্যাণ্ড ডিউনের কাছে, যদি চাও তো আমি তোমায় নিয়ে যেতে পারি, যাবে দিদি?’’ অনেক আশা নিয়ে জিজ্ঞেস করল তিলক রাম।

‘‘আগে তোমার গল্প টা তো শুনি তার পর ভেবে দেখব, নাও, শুরু করো।’’

‘‘আমরা পালিওয়াল ব্রাহ্মণ, আমার ঠাকুরদা হরিবংশরাম ওই কুলধারার বাসিন্দা ছিলেন, তার কাছ থেকেই এ কাহিনী শোনা, যদি নাম ধাম একটু ভুল হয়ে থাকে তো মাপ করে দিও, একে বুড়ো মানুষ, তাতে আবার ঘর ছেড়ে আসার শোক, ভুল তো একটু আধটু হতেই পারে। এখন বলি শোনো...’’

সুতপা শুনল উনবিংশ শতাব্দীর সেই রোমহর্ষক কাহিনী...

চুরাশিটি ছোট ছোট গাঁ নিয়ে তৈরি কুলধারা ছিল আর পাঁচটা জায়গার মতোই হাসিখুশি এক গ্রাম। এখানের প্রায় সবাই পালিওয়াল ব্রাহ্মণ, আর তাদের প্রাধন ছিলেন সৎ, উদার এবং অতিশয় ধর্মভীরু এক পুরোহিত। স্ত্রী আর একটি কন্যা লছমী এই ছিল তার সংসার, লছমীর মতন অমন চোখ ধাঁধানো রূপসী খুব কমই দেখা যায়। গ্রামের

লোকে ওকে 'কুলধারার পদ্মিনী' বলে ডাকত কারণ চিতোরের রাণির মত ও ছিল খুব তেজস্বিনী।

জলের একটু কষ্ট ছিল তাদের, তাই গ্রামের মেয়ে বউরা অনেক দূর থেকে জল ধরে আনত। একদিন দুটি মেয়ের সঙ্গে নিত্য দিনের মতো জল ধরে আনছিল লছমি, হঠাৎ সেলিম সিং গ্রাম ঘুরতে এসে তাকে দেখে ফেলল, এরপর থেকেই শুরু হলো তাদের দুর্ভাগ্য।

রাজার প্রিয় মন্ত্রী সেলিম সিং ছিল লম্পট এবং চরিত্রহীন, কত মেয়ের যে সে সর্বনাশ করেছে তার কোনো ইয়ত্তা নেই। সে ঘন ঘন লোক পাঠাতে লাগলো প্রধান পুরোহিতের কাছে, যাতে তিনি মেয়েকে তার কাছে পাঠান, দরকার হলে দায়সারা গোছের বিয়ে করতেও সে রাজি। এতেও কাজ হচ্ছে না দেখে সেলিম সিং বলল সশস্ত্র বাহিনী এনে মেয়েকে লুট করে নিয়ে যাবে আর নয়তো এমন কর বসাবে যে সারা গ্রাম ছারখার হয়ে যাবে।

ঘেন্নায় রাগে সারা মুখ কুঁচকে উঠল লছমীর, হাতের কাছে তরোয়াল থাকলে ওর মুন্ডুটা কেটে ফেলতে পারতো কিন্তু সারা গ্রামের লোক ই নিরস্ত্র, তাই তারা বাধ্য হয়েই ঠিক করল পরদিন রাতে সবাই মিলে চুপিচুপি গ্রাম ছেড়ে চলে যাবে, তাই করল তারা, একজনও অবশিষ্ঠ রইনা শুধু পড়ে রইলো নিরীহ গ্রামবাসীদের বুকভাঙা দীর্ঘ নিঃশ্বাস আর অনেক অভিশাপ... আজও এখানে এলে কেউ রাত কাটাতে পারেনা হয় মৃত্যু নয় ভয়ঙ্কর ক্ষতি হয়ে যায় তার।

সত্যি, কী আজব চরিত্রেরই হয় কিছু পুরুষ মানুষ! গ্রামটা ঘুরে দেখতে ভাবল সুতপা, কাউকে পছন্দ হলেই তাকে তার অঙ্কশায়িনী হতে হবে, মেয়েটির মতের কোনো দাম নেই?

চারিদিক নিস্তব্ধ, কোথাও কোনো প্রাণের স্পন্দন নেই, এমন সাজানো গ্রাম, এত সুন্দর মন্দির, ঘর বাড়ি সবই প্রাণহীন শবের মত পড়ে আছে, সন্ধ্যা হয়ে গেছে অনেক আগেই সবথেকে বড় বাড়িটায় উঠে এদিক ওদিক দেখছে সুতপা, কী অপূর্ব সব কারুকার্য। হঠাৎ মনে হল দুরে ঐ খড়ের ঘরগুলোতে কারা যেন গুমরে গুমরে কাঁদছে, ফ্যাকাশে

মুখে বলল তিলক রাম ‘‘দিদি, কখন থেকে আপনাকে বলছি ঘর ফিরে চলুন, রাত হয়ে গেছে, এখন যদি কিছু হয় !’’

ছমছম করে উঠল সুতপার বুকটাও ‘‘চল চল’’ বলে ওর সঙ্গে তাড়াতাড়ি নেমে সে গাড়িতে চড়ল, গাড়ির চালকও কেমন যেন অস্থির হয়ে পড়ে ছিল ওরা উঠতেই তৎক্ষণাৎ চালিয়ে দিল গাড়িটা।

গড়ি এগিয়ে চলেছে অনেক দূর ক্রমে ক্রমে অস্পষ্ট হয়ে আসছে কুলধারা, হঠাৎ ভীষণ কান্না পেল সুতপার একজন মাত্র একজন পুরুষের লালসার কারণে ধ্বংস হয়ে গেল এমন সুন্দর বর্ধিষ্ণু একটা গ্রামের সভ্যতা !...



# ওয়াল্টার আর জেসি

## শান্তনু ভৌমিক

তাহলে একটা লাস্ট রিপিট বলে দিই স্যর ?

হ্যাঁ তাই দাও, এবার উঠতে হবে... রাত হয়ে যাচ্ছে...

ও শামীমভাই একটা লাস্ট রিপিট দিয়ে দাও, লার্জ।

তাহলে স্যর, এবার তাহলে খেলা শেষ বাংলাদেশ ? সত্যি

হ্যাঁ, আর কত ? ৭কোটি করব বলে নেমেছিলাম, ১৫ কোটি হয়ে গেছে, এবার শেষ করি... তবে তুমি চালিয়ে যেতে পার ...

ধুর স্যর... আপনাকে ছাড়া ? আমি কোন অন্য দেশে চলে যাব স্যর... অনেক দূর... যেমন নিকারাগুয়া, বা হন্ডুরাস কিংবা আইসল্যান্ড...

ভাল... আমি তো কোথাও যাব না জেসি... যে কদিন আছি... জুনিয়র কে যদি এখটু স্টেবল করে যেতে পারি...

জুনিয়র তো কত ব্রাইট ছেলে স্যর, ওর জন্য চিন্তা নেই...

কিন্তু দেখ সেরেব্রাল পাল্সি... ওরই কি হওয়ার ছিল ? তারপর স্কাই প্রেগন্যান্ট... কি যে সময় আমার , কি বলব...

ছাড়ুন সব ঠিক হো জায়েগা... আচ্ছা স্যর একটা কথা জিগ্যেস করি ?

বলে ফেল... বিন্দাস...

আপনি আমাকে কেন বাছলেন ? আমি তো একটা লুজার, অ্যাডিক্ট, সবাই বলে...

হুঁ... সত্যি বলতে কি... আমিও সিওর ছিলাম না... কিন্তু তোমার মধ্যে শত দোষের মধ্যেও একটা সরল মন আছে, যেটা আমার ভাল লেগেছিল... তাছাড়া তোমার হাত ভাল... কি কারো প্রশংসা চাও নাকি ? এবার তুমি বল, তোমার তো এত ভাল ফ্যামিলি... বাবা, মা ভাই তুমি কেন এভাবে ক্ষয়ে গেলে ?

ক্ষয়াই বটে... ঐ যে একবার আদত লেগে গেল... মা বাবাও ডিসওন করে দিল স্যর। যাকগে... শুধু ভাইটার জন্য মাঝে মাঝে কষ্ট হয়... আমার খুব নেওটা ছিল জেক টা ।

আচ্ছা আপনি বলুন, আপনি কোনদিন ভেবে ছিলেন আপনি এই করবেন ?

একদম না... কিন্তু ঐ অসুখটা যে... সব বদলে দিল... ওদের কি হবে... শুধু তাই ভাবতাম...

শুধু কি তাই স্যর ? চান নি দুনিয়াকে একবার দেখিয়ে দিতে ?

হ্যাঁ তাও হবে... জানো ওরা যখন আমারই ফর্মুলা দিয়ে শুরু করা কোম্পানি আমার কাছ থেকে ঠকিয়ে নিয়ে নিল... খুব কষ্ট পেয়েছিলাম হে...

ঠিক আছে স্যর এবার তাহলে ওঠা যাক... আমাকেও বাস ধরতে হবে... দেশ ছাড়ার আগে জেক কে একবার দেখে যাই ...

চল তাহলে... ভাল থেকো... পারলে ছেড়ে দিও... আদতের কথা বলছি...

(“ ব্রেকিং ব্যাড” থেকে অনুপ্রাণিত)



# আই সি ২৩০

সুব্রত দে

বড়ঝাড় এয়ারপোর্ট, গৌহাটি।

দুপুর একটা তিরিশে ইন্ডিয়ান এয়ারলাইন্স-এর গৌহাটি কলকাতা উড়ান আই সি ২৩০'র ছেড়ে যাওয়ার কথা। এমনিই ফ্লাইট ডিলেড,

প্যাসেঞ্জার ওঠার পর্বও শেষ, তবুও প্লেন না ছাড়ার কোনও কারণ বুঝতে পারলাম না। বসেই আছি। মাঝে মধ্যে একজন করে এয়ারলাইনস স্টাফ কাগজপত্র নিয়ে উঠছে আর যাত্রীদের দিকে তাকিয়ে মনে মনে একটা সংখ্যা গুনে আবার নেমে যাচ্ছে। ঠিক কী দেখছিল বোঝা

গেল না। আমার উইন্ডো সিট। রোদ এসে পড়ছে কপালে। এসি চালু থাকলেও লো মোডে, শুধু ওভারহেড ফ্যান। কপালে বিন্দু বিন্দু ঘাম জমেছে। আমার পাশের সিটেই অরিত্র। আমরা দুজনে ছুটিতে বাড়ি ফিরছিলাম। এয়ারলাইনস স্টাফরা যতবার উঠে প্লেনের ভিতর গোনাগুনি করেছে, অরিত্র ততই যেন বিব্রত বোধ করেছে। হঠাৎ দেখলাম ও দরদর করে ঘামছে। ভাবলাম এয়ারক্রাফ্টের ভিতরে তো এত গরম নেই যে দরদর করে ঘাম ঝরবে। অরিত্র আমার দিকে অসহায়ের মতো চেয়ে ছিল। কিছু বলার ইচ্ছে থাকলেও বলল না। বললাম, একটু জল খাবে? ও সামান্য মাথা ঝুকিয়ে সম্মতি জানাল। তর্জনী দিয়ে ওভারহেডের কমলা রঙের সুইচটা চেপে দিলাম। তৎক্ষণাৎ একজন পরীসুন্দরী এয়ার হস্টেস এসে অরিত্রর দিকে একবার মুচকে হেসে ঠান্ডা জল দিয়ে চলে গেল। অরিত্র ঢকঢক করে জল খেয়ে আবার আমার দিকে চেয়ে রইল। আমি শুধোলাম, অস্বস্তি হচ্ছে? ও মুখে কিছু বলল না, মাথা ঝুঁকিয়ে 'হ্যাঁ' বোঝাল। বললাম,

কীরকম অস্বস্তি ?এবার একটু ক্ষীণ স্বরে বলল, মাথাটা কেমন যেন ঘুরছে।

প্লেনে চড়ার অভিজ্ঞতা অরিত্রর নতুন নয়। ঘেমে নেয়ে একসা হবার তাই কোনও কারণ ছিল না। এয়ারক্রাফ্টের ভিতর এ সি মেশিন গুলো 'লো-মোডে' ছিল বলে একটু সাফোকেশন হচ্ছিল বটে। কিন্তু আমার মনে হচ্ছিল অরিত্র যেন প্রয়োজনের তুলনায় একটু বেশি গরম অনুভব করছে। বললাম, সিটটা একটু হেলিয়ে নিয়ে পা দুটো ছড়িয়ে

দাও, আরাম পাবে। অরিত্র রিল্যাক্স করার জন্য সিটটা হেলিয়ে নিতেই এয়ারলাইনসের দুজন স্টাফ আবার উঠে প্যাসেঞ্জার গোনা শুরু করল। আর যায় কোথায়, হাত পায়ে যেন কাঁপন ধরল অরিত্রর। চোখের ভাষা গেল বদলে । ও আমার ডাক নাম ধরে ডেকে বলে উঠল, এবার কী হবে, আমি বোধ হয় ধরা পড়ে গেলাম ! অরিত্রর এবার যেন সত্যি সত্যিই জ্ঞান হারাবার উপক্রম !

অরিত্র এবং আমি গৌহাটির একটি সরকারি সংস্থার চাকুরে। আশির দশকের শেষ দিককার কথা। আমি পরিবার নিয়ে থাকতাম। অরিত্র ব্যাচেলর, অফিসারস মেসে থাকত। আমার স্ত্রী মোহর ক'দিনের জন্য কলকাতায় গিয়েছিল। মোহর কলকাতায় গেলেই অরিত্র আমার ফ্ল্যাটে উঠে আসত। আমার সাথে থাকত। ক'দিন আমরা বেশ হইহই করে পিকনিক স্টাইলে কাটাতাম। মোহর ফিরে এলে আবার পূর্বাবস্থা।

ভাল ভাল কিছু ডিশের রেসিপি জানা ছিল অরিত্রর। রান্নার হাতও ছিল তেমন। দুজনে মিলে নানা রকম খাবার তৈরি করতাম। অফিসের পর সিনেমা দেখতে যেতাম। মাঝে মধ্যে অন্যান্য বন্ধুদের নিয়ে বেশ জমিয়ে ঢুলুঢুলু পার্টি করতাম। মোহরের না-থাকার দিনকটা নিয়ম ভাঙার নিয়মে বেশ জমে উঠত। একদিন অরিত্র বলল, অনেকদিন বাড়ি যাইনি, ভাবছি কটা দিনের জন্য কলকাতায় যাব। এলটিসি নিয়ে সপ্তাহ খানেকের মধ্যে আমারও কলকাতা হয়ে ব্যাঙ্গালোর যাবার ছিল। আমি ওকে বললাম, ক'দিন বাদে যাও না, আমিও যাব, একসাথে যাওয়া যাবে।

অরিত্র বলল, তোমার তো টিকিট হয়েই গেছে।

বললাম, হ্যাঁ, দুটো টিকিট তো। আমার আর মোহরের। আগে তো ঠিক ছিল দুজনে গৌহাটি থেকে একসঙ্গে যাব, কিন্তু কলকাতায় কিছু কাজ পড়ে যাওয়ায় ওকে আগে চলে যেতে হল। কাজেই টিকিটটা তো ওয়েস্ট হবে। ইচ্ছে হলে ওই টিকিটে তুমি যেতে পার।

অরিত্র চিৎকার করে উঠল, পাগল! টিকিটে মেল ফিমেল লেখা থাকে। ধরা পড়লে হাজত বাস। চাকরি নিয়ে টানাটানি হবে।

আমি একটু বিজ্ঞের মতই বললাম, অরিত্র, ফ্লাইটে কেবল নাম্বার অফ হেডসই গোনে। মেল ফিমেল থোরিই দেখে!

অরিত্র এবার খানিক চুপ করে থাকল। তারপর কিছু একটা ভেবে আবার বলল, চেক ইন করার সময়?

বললাম, ওরে পাগল, চেক ইন না হয় আমি একা গিয়ে করিয়ে আনব। কত লোক তো একসঙ্গে দশ জন প্যাসেঞ্জারের টিকিট চেক -ইন করায়।

অরিত্র এবার একটু ভেবে নিল। মনে হল যেন একটু বিশ্বাসযোগ্য হয়েছে। কিন্তু তাহলেও তার সন্দেহ যেন থেকেই গেল। মুখ কাচুমাচু করে সে আবার জিজ্ঞাসা করল, সে না হয় বুঝলাম, কিন্তু কোনও কারণে যদি ওরা ধরে ফেলে, তাহলে?

অরিত্রর হাজার প্রশ্নে বিরক্ত হয়ে আমি বললাম, এই শোনো, অত ভয় থাকলে যেতে হবে না। কামরূপ এক্সপ্রেসের একটা টিকিট করে নাও গে যাও।

আমি বিরক্ত হয়েছি ভেবে খানিক চুপ করে থেকে অরিত্র বলল, না না শোনো, রাগ কোরো না, ধরা পড়লে ব্যাপারটা সাংঘাতিক পর্যায়ে পৌঁছবে ভেবেই এত কথা, নাহলে এ আর এমন কী? বিনে পয়সায় তো আর প্লেনে চাপছি না।

অনেক টেনশন ঠেনশন করে অরিত্র সেদিন রাজি হয়েছিল। কিন্তু আমাদের জার্নির দু তিনদিন আগে থাকতে অরিত্রর মধ্যে কেমন যেন একটা ফিয়ার সাইকোসিস কাজ করতে শুরু করল। রান্নাঘরে ঢুকলেই গুনগুন করে কোনও গানের কলি ভাঁজতে থাকা ওর বরাবরের অভ্যাস। একটা গানই কতবার যে গুনগুন করে গাইতে থাকবে তার ইয়ত্তা নেই। দু তিন দিন হল গান ঠান বন্ধ। ইয়ার্কি ফাজলামো একেবারে স্পিকটি নট। ঘরের মধ্যে অদ্ভূত সান্নাটা। সেই এক্সরসিস্ট ছবিটার মতো। বড় বড় চোখ করে তাকানো, কথা নেই মুখে। ওকে রাগানোর জন্য বললাম, তোমার কি কোনও আত্মীয় বিয়োগ হইয়াছে? অরিত্র কটমট করে আমার দিকে চেয়ে মুখ বেঁকিয়ে বাথরুমের দিকে চলে গেল।

আমি বেশ বুঝতে পারছিলাম ধরা পড়ার ভয় অরিত্রকে দিনে দিনে অন্তর্মুখী করে তুলেছে। আমাদের কলকাতা যাবার দিন যত এগিয়ে এসেছে ততই ও যেন শামুকের খোলের ভিতর ঢুকে পড়ছে। আমি ভাবলাম এমন ভীতু একজন মানুষকে নিয়ে এই অবৈধ যাত্রাটি করা বোধহয় সমীচিন নয়। রান্নাঘরে ওকে সাহায্য করার নাম করে ঢুকে কথায় কথায় ওকে বললাম, অরিত্র, তোমার বোধ হয় আরও একবার ভেবে দেখা

উচিৎ। কোনও জোরাজুরির ব্যাপার তো নেই। ভয় লাগলে তোমার না যাওয়াই উচিৎ। তোমার মানসিক অবস্থা দেখে আমি নিজেই আর কনফিডেন্স রাখতে পারছি না।

খানিকক্ষণ চুপ করে রইল অরিত্র, আকাশে লাগামহীন একটা ঘুড়ির গোত্তা খাওয়ার দিকে একদৃষ্টিতে চেয়ে ছিল। মুখটায় যেন আঁষাঢ়ের মেঘ, কালো নিকষ। ধীরে ধীরে মুখমন্ডলের অন্ধকার ভাব কেটে গিয়ে মুখটা অনেকটা যেন স্বাবাভিক হয়ে এল। আমি তার মুখমন্ডলের ক্রমপরিবর্তনের মুহূর্তগুলো প্রত্যক্ষ করছিলাম। বেশ কিছুটা সময় নিঃশব্দে কাটল, তারপর অরিত্র বলল, আসলে যাওয়ার তো খুব ইচ্ছে,

কিন্তু ধরা পড়লে চাকরি বাকরি নিয়ে টানাটানি পড়বে। বাড়িতে আর কোনও আর্নিং মেম্বারও নেই। ওদিকে ট্রেনের টিকিটও এখন আর পাওয়া যাবে না।

একটা আলুর খোসা ছাড়াতে ছাড়াতে বললাম, তাহলে কী ঠিক করলে? কাল সকালেই তো আমাদের জার্নি!

অরিত্র এবার আর কাল বিলম্ব না করে তৎক্ষণাৎ জবাব দিল, নাহ্, তোমার সাথেই যাব, যা হবার হবে। আমি হা হা করে হেসে উঠলাম।

যাত্রার দিন সকাল সকাল স্নান খাওয়া সেরে অরিত্রকে নিয়ে পল্টন বাজারে ইন্ডিয়ান এয়ারলাইন্স-এর অফিসে পৌঁছে গেলাম। আমার সাথে বেশি লাগেজ থাকলেও অরিত্রর লাগেজ নামমাত্র, হ্যান্ড ব্যাগেজ করেই নিয়ে যাওয়া যাবে। এয়ারলাইন্স-এর সাদা রঙের এয়ারপোর্ট -লিঙ্ক বাসে চেপে বসলাম। প্যাসেঞ্জার ছাড়াও এয়ারলাইনস অফিসের স্টাফ জিতেন সাঙমা ও আরও দু তিন জন বাসে উঠেছিল। আসলে প্লেনে প্যাসেঞ্জার বোর্ডিং করানোর সময় এয়ারপোর্ট স্টাফকে সাহায্য করার জন্য এয়ারলাইনস সিটি অফিসের স্টাফদের এয়ারপোর্টে থাকা জরুরি। সাঙমা আমাদের পরিচিত। গৌহাটিতে পোস্টিং হয়ে থেকে অফিসের কাজে প্রায়ই কলকাতা এবং অন্যত্র যাতায়াত করতে হতো । সেই সূত্রে সাঙমা ছাড়াও মিঃ সৌমিত্র ব্যানার্জীর মতো সিটি অফিসের অফিসারদের সাথেও আলাপ পরিচয় হয়েছিল। ক্রাইসিস সিচুয়েশনে অনেকবার মিঃ ব্যানার্জী আমাদের কলকাতা যাবার টিকিট কনফার্ম করিয়ে দিয়েছেন। ওদের সাথে আমাদের বেশ ভাল একটা সম্পর্ক তৈরি

হয়েছিল। কিন্তু অপরাধ বোধের শিকার হয়ে বাসে দেখেও অরিত্র সাঙমাকে এড়িয়ে চলতে লাগল। গৌহাটি সিটি অফিস থেকে এয়ারপোর্ট যেতে গেলে যে পাহাড়ের ওপর মা কামাখ্যার অধীষ্ঠান তার গা ঘেঁষে যেতে হয়। মায়ের মন্দির পাহাড়ের অনেক ওপরে, নিচের থেকে দৃশ্যমান নয়। কিন্তু তবুও ভক্তরা ওই পাহাড়ের পাশ দিয়ে গেলে মায়ের উদ্দেশ্যে একবার প্রণাম না করে করে কেউই অগ্রসর হন না। ভয়ের জেরে কখন যে কামাখ্যা পাহাড় পার হয়ে ইউনিভার্সিটি ক্যাম্পাস এসে পড়েছিল টের পায় নি অরিত্র। হুঁশ ফিরে পেতেই সে নিজের সিটের থেকে উঠে এমন ভাবে ঘুরে দাঁড়িয়ে মা কামাখ্যার উদ্দেশ্যে প্রণাম করতে লাগল যে সাঙমার চোখে পড়ে গেল। আর অমনি পেছন থেকে অরিত্রর উদ্দেশ্যে চিৎকার করে উঠল সাঙমা, 'আরে কেতিয়া বাছত্ উঠিলে অরিত্র বাবু? ঘরত্ গইয়াসে নাকি'? কোনও উত্তর না দিয়ে অরিত্র থপ করে বসে পড়ল। ব্যাপারটা আমার ঠিক লাগেনি। কনফার্ম টিকিট পাওয়ার ব্যাপারে সাঙমা বিভিন্ন সময়ে আমাদের সাহায্য করে। আমার মনে হল সাঙমা ভুল বুঝতে পারে, সেইজন্য অরিত্রর হয়ে আমিই উত্তর দিলাম, 'হিয়তের গা বেয়া, বুখার হইসে, ঘরত্ গইয়াসে। বেয়া না পাব দে। আপনি কেনে আছে'? সাঙমা 'ভাল্ আছু' বলে উত্তর দিয়ে নিজের কাগজপত্রে মন দিয়েছিল। অল্প সময়ের মধ্যে আমরা এয়ারপোর্টে পৌঁছে গেলাম। অরিত্র কিন্তু লক্ষ রাখছিল সাঙমারা কখন নামে। ওরা নেমে যেতেই অরিত্র সিট ছেড়ে উঠে পড়ে। এন্ট্রান্সে টিকিট দেখিয়ে অরিত্রকে নিয়ে লাউঞ্জের ভিতরে গেলাম। ওকে বসতে বলে আমি লাগেজ নিয়ে চেক ইন করাতে গেলাম। যাবার আগে অরিত্রকে সাবধান করে বললাম, কনফিডেন্স রাখো। ফাম্বল্ করলে বিপদ। অরিত্র আমার কথা শুনে যেন আরও মুষড়ে পড়ল। পরিস্থিতিটা এমন হয়েছিল, সাধারণ কথাও ঠিক মতো গ্রহণ করতে পারছিল না।

আমি টিকিট দুটো নিয়ে চেক ইন কাউন্টারে গিয়ে বোর্ডিং পাস নিয়ে চলে এলাম - একটা আমার নামে, অন্যটা মোহরের নামে। অরিত্র প্রায় ছোঁ মেরে আমার হাত থেকে বোর্ডিং-পাস দুটো কেড়ে নিল। তারপর মন দিয়ে আমার স্ত্রীর নামের বোর্ডিং পাসটা নিয়ে দেখতে লাগল। বললাম, কী দেখছ? অরিত্র আমার দিকে এমন ভঙ্গিতে তাকাল যেন ওর সাথে এটাই আমার শেষ দেখা। আমি ওকে রাগানোর জন্য মান্না দের সেই জনপ্রিয় গানটা একবার গেয়ে দিলাম - এ দেখাই শেষ দেখা নয় গো, আবার হবে তো

দেখা -। অরিত্র ভীষণ ক্ষেপে প্রায় ছুড়ে বোর্ডিং-পাসটা আমায় ফেরত দিল। কিছুক্ষণের মধ্যেই আমরা সিকিউরিটি চেকের জন্য লাইনে দাঁড়িয়ে পড়লাম। থরথর করে কাঁপছিল অরিত্র। হ্যান্ড ব্যাগেজ কম ছিল বলে খুব বেশি সময় লাগেনি আমার। আমার পরেই ছিল অরিত্র। ও কেবিন লাগেজে না দিয়ে হ্যান্ড ব্যাগেজ করেছিল বলে ওর জিনিষপত্র বেশি ছিল, তাই সময়ও লেগেছিল। এরই মধ্যে মেটাল ডিটেক্টরে গোলমাল বাঁধার জন্য সিকিউরিটি গার্ড ওকে বারে বারে সার্চ করছিল। এক মিনিটের কাজে এত সময় নেয়ার জন্য অরিত্রর নার্ভাস ব্রেক ডাউন শুরু হয়ে গেল। আমি ওপার থেকে ওকে সমানে অভয় দিয়ে যাচ্ছিলাম, কোনও ব্যাপার নয়, এক্ষুনি হয়ে যাবে। সময় বেশি নিলেও শেষ অবধি ছাড়া পেল অরিত্র। ঘেমেনেয়ে একসা হয়ে যখন ও সিকিউরিটি চেক্ড হয়ে বেরিয়ে এল, ওর মুখটা তখন দেখবার মতো। ঠান্ডা জল টল খাইয়ে ওকে তখনকার মত শান্ত করা গেল।

ফ্লাইট ডিলে হওয়ার জন্য কিছুটা সময় লাউঞ্জে অপেক্ষা করতে হয়েছিল। কিছুক্ষণের মধ্যে বিশাল আওয়াজ করে বোয়িং ৭৩৭ বরঝাড় এয়ারপোর্টের মাটি ছুঁয়ে গতি কমিয়ে অ্যারাইভাল গেটের দিকে এসে দাঁড়াল। টেনশন আবার জাঁকিয়ে বসল অরিত্রর ঘাড়ে। মাঝে মাঝে অরিত্রর চেহারাটাই কেমন যেন বদলে যাচ্ছিল। আমার মনে হয় শেষ তিন দিনে ওর বোধ হয় কেজি পাঁচেক ওজন কমে গিয়ে থাকবে।

এবার এল সেই মাহেন্দ্রক্ষণ। অ্যাড্রেস সিস্টেমে ঘোষণা হল - গৌহাটি থেকে কলকাতাগামী আইসি ২৩০-র প্যাসেঞ্জারদের এয়ারক্রাধের দিকে যেতে অনুরোধ করা হচ্ছে। ঘোষণা শুনে আমি উঠে দাঁড়াতেই অরিত্র আমার হাত চেপে ধরে বলল, আমার বড্ড ভয় করছে, কিছু হবে নাতো?

অভয় দিয়ে বললাম, কিস্সু হবে না, শুধু স্মার্ট বিহেভ কর, বোর্ডিং কার্ডটা নিজের হাতে রাখো। লাউঞ্জের গেটে একবার চেক হবে,

তারপর প্লেনে ওঠার সময়। তুমি তো সবই জানো, তাহলে আর ভয় কীসের। আসল জায়গা তো আমরা পার হয়েই এসেছি। নাও বি স্মার্ট।

স্মার্টলি দুটো জায়গাই পার করে এসেছিল অরিত্র। আমাদের সিট পড়েছিল ৬ এ এবং ৬ বি। টকটক করে প্লেনের সিঁড়ি বেয়ে উঠে এসে ওর চেহারাই গেল বদলে।

এয়ার হস্টেসের জন্য অপেক্ষা না করে নিজেই সিট ঠিঁট খুঁজে নিয়ে বসে পড়ল। আমি ৬ এ তেবসলাম,

জানালার ধারে। আর অরিত্র আমার পাশে, ৬ বি তে। পা দুটো ছড়িয়ে দিয়ে সামনের সিটের ব্যাক পকেট থেকে নিরাপত্তা সংক্রান্ত বুকলেটটি নিয়ে মন দিয়ে যেন গিলতে শুরু করল। মনে হচ্ছিল এক্ষুনি বোধ হয় কোনও পরিক্ষায় বসবে। সিকিউরিটি চেকের যতগুলো পয়েন্ট ছিল সেগুলো সফল ভাবে পার হওয়ার পর অরিত্র যেন এক নতুন মানুষ, দেহের ভাষা গেছে বদলে। ফ্যাল ফ্যাল করে চেয়ে থাকা নেই, কথায় জড়তা নেই, থরথর করে হাত পা কাঁপা নেই, অরিত্র তখন জাঁদরেল অফিস বস্। ওর চেহারায় ও মনে স্বাভাবিকতা ফিরে আসায় আমিও স্বস্তি পেলাম। ব্যাজাড় করা মুখের সাথে চলতে চলতে আমার নিজের মুখশ্রীও যেন বদলে গিয়েছিল। এই মুহুর্তে অন্ধকার কেটে গিয়ে সোনালি রোদ ঝলমল করছে। প্লেনের ভিতরে একটা সেতার বাঁজছিল, পন্ডিত রবিশঙ্কর ছাড়া অমন হাত কারই বা হবে। তার সাথে মন পাগল করা সুগন্ধি। রোমাঞ্চকর পরিবেশ। গুন গুন করে একটি বিখ্যাত ছায়াছবির গানের সুর কানে এল, আঁড় চোখে চাইলাম, দেখলাম দুচোখ বুঁজে অরিত্র গানে ডুবে আছে। সময় অতিক্রান্ত হলেও প্লেন না ছাড়ায় প্যাসেঞ্জারদের মধ্যে গুঞ্জন উঠেছিল। মুশকিল ব্যাপার হল, কেন যে প্লেনটা ছাড়ছে না পাইলট বা এয়ার হস্টেসরা তার কারণও ঘোষণা করছে না। আশঙ্কার সব কটি বাঁধা পার হয়ে আসার পর পরম নিশ্চিন্তে ঘুমিয়ে পড়েছিল অরিত্র। মনে মনে বোধ হয় পৌঁছেও গিয়েছিল কলকাতায়। এমন সময় একজন এয়ারপোর্ট স্টাফ আবার কাগজ পত্র নিয়ে প্লেনের ভিতরে ঢুকে গোনাগুনি শুরু করল। এবার আমারও কেমন যেন একটা খটকা লাগল। ভাবলাম এ আবার কী? এতবার করে প্যাসেঞ্জার গোনা তো কোনোদিন দেখিনি! শেডিউল টাইম থেকে প্রায় আধ ঘন্টা অতিক্রান্ত হওয়া সত্ত্বেও কর্তৃপক্ষ প্লেন না ছাড়ার কোনও কারণও জানাচ্ছে না। প্লেনের ভিতর সাফোকেশনের ফলে অরিত্রর ঘুম ভেঙে গেল। ঘুম ভাঙতেই তার চোখে পড়ল আবার গোনাগুনি। চোখ রগড়ে সোজা হয়ে বসল অরিত্র। আবার শুরু হল ফ্যাল ফ্যাল করে চেয়ে থাকা। ইতিমধ্যে স্টাফটি পিছনের দিক থেকে গুনতে গুনতে সামনের দিকে এসে পড়ল। আমাদের সিটের কাছে এসে যে সংখ্যাটা সে আওড়েছিল সেটা ছিল 'ফোরটিন'। আমার মনে আবার খটকা লাগল। ভাবলাম

পিছনের দিক থেকে গুনতে গুনতে সামনের দিকে এসে পড়ল। আমাদের সিটের কাছে এসে যে সংখ্যাটা সে আওড়েছিল সেটা ছিল ‘ফোরটিন’। আমার মনে আবার খটকা লাগল। ভাবলাম পিছনের দিক থেকে গুনে সামনের দিকে এলে সংখ্যাটা ফোরটিন হবে কেন? প্যাসেঞ্জারের সংখ্যা তো প্রায় একশো। ওরা তাহলে কী গুনছে, তাহলে কি সত্যি সত্যিই মেল ফিমেল গুনছে? ততক্ষণে আমার মনেও একটা চাপা আশঙ্কা তৈরি হতে শুরু করেছে। অরিত্রকে বুঝতে না দিয়ে ওপরে একটা স্বাভাবিক ভাব বজায় রাখার চেষ্টা করলেও অরিত্র কিন্তু ব্যাপারটা ধরে ফেলেছিল, কাঁপা গলায় বলল, আচ্ছা, পিছন থেকে গুনতে গুনতে সামনে এলে প্যাসেঞ্জারের সংখ্যা কখনও ফোরটিন হয়? বুঝতে পারছ না ওরা কী গুনছে? আমি বোধ হয় ধরা পড়ে গেলাম!

আমার নিজের মনে দ্বিধা থাকা সত্ত্বেও ওকে ধমক দিয়ে বললাম, পাগলামি কোরো না তো, স্বাভাবিক ব্যবহার কর।

অরিত্রকে যতই ধমক দিই না কেন এবার সত্যি সত্যিই আমার মাথায়ও ভূত চেপে বসল। ভাবলাম ছেলেটাকে খামোকা একটা বিপদের মধ্যে ফেলে দিলাম। ওকে না বললে হয়ত ট্রেনেই একটা টিকিট কেটে নিত। এমন বিপদের মুখে তো আর পড়তে হতো না। জানালা দিয়ে চোখে পড়ল, নিচে এয়ারপোর্ট স্টাফেরা এক জায়গায় দাঁড়িয়ে নিজেদের মধ্যে প্যাসেঞ্জার লিস্ট নিয়ে কোনও হিসাব মেলানোর চেষ্টা করছে। ককপিট থেকে পাইলট ক্যাপ্টেন একবার বেরিয়ে স্টাফদের দিকে তাকিয়ে ওপর থেকে ইশারায় কোনও খবর আছে কিনা জানতে চাইল। কোনও রকম সঙ্কেত না পেয়ে সে আবার ককপিটের ভিতরে চলে গেল। অরিত্র আমার গায়ের ওপর দিয়ে জানালা দিয়ে নিচের দিকে তাকালো। নিচে সাঙমাকে দেখে ওর মনে যেন ভরসা হল। আমায় বলল, ওই তো, সাঙমা আছে, নিচে গিয়ে সারেন্ডার করব নাকি?

বললাম, পাগলামো কোরো না অরিত্র। আসার সময় বাসে সাঙমাকে অ্যাভয়েড করছিলে আর এখন বলছ ওর কাছে গিয়ে সারেন্ডার করবে? খেপেছো নাকি? চুপচাপ বসে থাকো। যা হবার হবে। বড়জোর প্লেন থেকে নামিয়ে দেবে, এর বেশি তো কিছু নয়?

বুদ্ধিমত্তার জোরে অরিত্রও বুঝতে পেরেছিল যে ভয় আমার মনেও ঢুকেছে। এতক্ষণ আমাকে শক্ত থাকতে দেখে ও একটু হলেও নিশ্চিন্ত ছিল কিন্তু আমার

চোখেও শঙ্কার মেঘ দেখে ও আর নিজেকে সামলাতে পারল না। করুণ স্বরে আমায় বলল, শোনো, আর অপেক্ষা করা বোধ হয় উচিৎ হবে না। সারেন্ডার করলে তাও বাঁচার একটা আশা থাকে। আর ওরা যদি ধরে তাহলে তো আর রেহাই নেই।

আমি বললাম, আরে দেখ না শেষ অবধি কী হয়, হয়ত ওরা অন্য কোনও কারণে দেরি করছে।

অরিত্র বলল, না না, নিচে সাঙমা আছে, সময় থাকতে ওর কাছে গিয়ে ব্যাপারটা খুলে বলি, হয়ত রেহাই পেয়ে যাব। কথাগুলো বলে অরিত্র সাঙমার উদ্দেশ্যে সিট ছেড়ে উঠতে যাবে এমন সময় ইন্ডিয়ান এয়রলাইনসের তিন চারজন স্টাফ ধুতি পরিহিত মোটাসোটা একটি লোককে উত্তেজিত হয়ে কিছু বলতে বলতে প্লেনের কাছে নিয়ে এল। প্লেনের ভিতর থেকে জানালা দিয়ে দেখে মনে হল তারা লোকটিকে গালমন্দও করছে। লোকটি কোনও উত্তর না দিয়ে গালমন্দ হজম করে হাঁপাতে হাঁপাতে সিঁড়ি বেয়ে উঠতে লাগল। প্লেনের দোর গোড়ায় এসে পৌঁছনোর সাথে সাথে পাইলট বেরিয়ে এসে ইংরাজিতে যৎপরনাস্তি উত্তম মধ্যম দিয়ে অতিথিকে স্বাগত জানাল।

ধীরে ধীরে প্লেনের গায়ে লেগে থাকা সিঁড়ি সরে গেল। দরজা বন্ধ হল। পাইলটের সঙ্কেত পেয়ে এয়ার হস্টেসরা তাদের নিয়ম মাফিক আপৎকালীন সুরক্ষা মূলক ঘোষণা শুরু করতেই নড়ে উঠল বোয়িং ৭৩৭। ধীরে ধীরে রানওয়ের শেষ মাথায় গিয়ে এবার বিশাল গর্জন করে দৌড় শুরু করল আই সি ২৩০। তারপর সবুজ পাহাড়, রঙিন শহর আর প্রশস্ত ব্রহ্মপুত্রকে নিচে রেখে ঢুকে পড়ল নীল আকাশে ভেসে বেড়ানো মেঘের রাশিতে। বলতে দ্বিধা নেই, কয়েক মুহূর্তের জন্য আমিও শঙ্কিত হয়ে পড়েছিলাম। আকাশে ডানা মেলার পর মানসিক ক্লান্তি যেন দেহেও সংক্রামিত হয়েছিল। আমি জানালা দিয়ে তুলোর মত উড়ে বেড়ানো মেঘরাশির দিকে চেয়ে তার নান্দনিক দৃশ্য উপভোগ করছিলাম। হঠাৎ টুং করে আওয়াজ হতেই জানালা থেকে চোখ সরালাম। দেখলাম অরিত্র ওভারহেডে কমলা রঙের সুইচ চেপে জলের জন্য আবেদন করছে। সেই ফ্যাল ফ্যাল করে চেয়ে থাকা নেই। বিরবির করে ভয়ের বহিঃপ্রকাশ নেই। অরিত্র তখন জাদরেল ফাইন্যান্স ম্যানেজার। পরিবর্তন এসেছে তার শরীরী ভাষায়, পরিবর্তন তার কথাবার্তায়। আমায় নীরব দেখে বলল, আহা ভয় কীসের? আর ভয় নাই, ভয়

নাই ভয় নাইরে, এবার সোজা কলকাতা যাইরে ...

পরীসুন্দরী বিমান সেবিকা মুচকি হেসে জল দিয়ে চলে যাবার সময় তাকে জিজ্ঞাসা করলাম, আচ্ছা ছাড়তে আপনারা অমন দেরি করলেন কেন ?

মেয়েটি বাঙালি, বাঙলাতেই বলল, মিঃ আগরওয়ালার হয়ে কেউ একজন চেক ইন কাউন্টার থেকে বোর্ডিং কার্ড করিয়ে নিয়েছিল আগেই। প্লেন ছাড়ার সময় হয়ে গেলেও আসলে উনি তখন এয়ারপোর্টের ধারে কাছেই ছিলেন না। শহরে ছিলেন। বোর্ডিং কার্ড ইসু হয়ে যাওয়ার ফলে প্যাসেঞ্জারকে ফেলে ফ্লাইট ছেড়ে যেতে পারে না। তাই অগত্যা ওনার আসা অবধি অপেক্ষা করতেই হল। দেখুন তো,

একটা লোকের জন্য এতগুলো প্যাসেঞ্জারের হয়রানি !

আমি মনে মনে ভাবলাম হয়রানি তো আসলে একজনেরই হল। তবে এখন তিনি খোশ মেজাজে। মধ্য গগণে ইন্ডিয়ান এয়ারলাইন্স-এর জামাই হয়ে মুড়গির ঠ্যাং চিবোচ্ছেন আর আমার দিকে তাকাচ্ছেন, তবে আর ফ্যাল ফ্যাল করে নয়, একেবারে দারুণ স্মার্টলি। ভাবলাম একবার বলি - এই ফ্লাইটের সমস্ত প্যাসেঞ্জারের টিকিট আরও একবার কলকাতায় চেক করা হবে। অরিত্র বোধ হয় আমার মনে আড়ি পেতেছিল, হাতের মুড়গির ঠ্যাংটি উঁচু করে বীর দর্পে বলে উঠল - ভয় নাই বন্ধু, আর ভয় নাই। তবে ঐ মোটা ধুতিওয়ালা-মার্কা লোকগুলোকে একটু বিমান-শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে, নইলে দেশের যাত্রীদের সমূহ বিপদ।

কিছুক্ষণের মধ্যেই ঘোষণা হল - অল্প সময়ের মধ্যেই আমরা কলকাতা বিমান বন্দরে অবতরণ করব। ওপর থেকে গোটা শহরটা চোখে পড়ছিল। চোখে পড়ছিল কলকাতার কল্লোলিনী রূপ। সপ্তাহ খানেক ধরে যে শঙ্কিত মুখখানা ব্যাজার রূপ নিয়ে আমার আসে পাশে ঘুরে বেড়িয়েছে, নিস্পাপ হাসি ছড়িয়ে পড়েছে সে মুখেও, মুক্তির সুখে, ঘরে ফেরার অনাবিল আনন্দে। মসৃন মাটি ছোঁয়ায় ক্যাপ্টেন মুখার্জির পারদর্শিতা বহুজনবিদিত। পরীসুন্দরীরা হাত জোর করে নমস্কার করার ঢঙে প্লেনের দরজার মুখে দাঁড়িয়ে। সিঁড়ি দিয়ে নেমে আসতে আসতে মনে হল, কাজটা মোটেই ঠিক হয়নি। অরিত্র ততক্ষণে বাসে জানালার ধারের আসন অলঙ্কৃত করেছে আর মনে মনে যেন বলছে - নাই নাই ভয়, হবেই হবে জয় .. ।

# বেড়ে ওঠার গল্প

শুভম রায়

গল্প নয়। সব কাহিনীর পেছনে অনেক সত্যি ঘটনা আছে। কিন্তু যা হয়, বাঙালি গল্প ও খাদ্যরসিক। তেল, মশলা ঘি, নুন মায় গুড় বাতাসা যোগ না দিলে পাচন উপযোগ্য হবার আসা দূরস্ত। আর তার ওপর যদি গল্পে বাঙাল-আনা থাকে।

১৯৬৫-৬৬ সাল নাগাদ আমার বাবা, যাকে আমি এই গল্পে অধ্যাপক রায় বলে সম্বোধন করবো, ঘুষ নামক একটি ক্রিয়া কলাপের জেরে তিতিবিরক্ত হয়ে central excise & custons এর চাকরি ছেড়ে মধ্য প্রদেশের রায়পুর শহরে দূর্গা কলেজে শিক্ষানবিশী শুরু করেন। বলে রাখা ভালো, এই রায়পুরেই আমাদের আদি বাড়ি।

কলেজে পড়ানো কালীন UPSCর পরীক্ষা দিয়ে UGC ( ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন) থেকে কলেজ lecturer এর পদে নিযুক্ত হলেন। Interview board তাঁকে ২টি জায়গার কথা বলেন  Goa govt college ও মহারাজ বীর বিক্রম মানিক্য বাহাদুর কলেজ, আগরতলা, ত্রিপুরা।

‘‘গোয়া তো অনেকবার গেছি। ত্রিপুরা অনেক দূর, আর বেশ exotic ও মনে হচ্ছে’’- এই বিবেচনা করে উনি ত্রিপুরা বেছে নেন।  অবশ্যি পাকা সিদ্ধান্ত নেয়ার আগেই উনি বলেন যে ‘‘আমি একবার গিয়ে দেখে আস্তে চাই জায়গাটা’’।

যদি অধ্যাপক রায় সে সময় গোয়া বেছে নিতেন, তাহলে হয়তো অন্য গল্প হতো, কোঙ্কণী, Portuguese কিংবা ইংরেজিতে। হয়তো অন্য কেউ লিখতো Lou carvalhi  ছদ্মনামে।

যাই হোক, মোদ্দা কথা বিয়ের কিছু দিন আগেই, অধ্যাপক রায় রায়পুর শহর ছেড়ে আগরতলার পথে পাড়ি দেন। কেন ত্রিপুর? আমি যখন মোটামুটি জীবন-বোদ্ধা জাতীয় প্রাণীদের গোষ্ঠীতে এলাম, তখন একদিন কথানুক্রমে জিজ্ঞাসা করতে বই ও চশমার আড়াল থেকে গম্ভীর কন্ঠে অধ্যাপক রায় বলে ওঠেন-‘‘এসে দেখলাম এখানে পদ্মার টাটকা ইলিশ পাওয়া যায়, ব্যাস।’’

বলে রাখা ভালো, রায়পুর কলকাতা বম্বে mainline এর ওপর অবস্থিত। এক কথায় যাকে বলে Iconic সেই হাওড়া বম্বে মেল ও গীতঞ্জলী এক্সপ্রেস জাতীয় গাড়িগুলো রায়পুর এ দাঁড়াতো। রায়পুর থেকে কলকাতা এক রাত্রি, বম্বে দেড়দিন লাগতো।

১৯৬০ এ শেষ ও ৭০ এর শুরুতে আগরতলায় দুভাবে পৌঁছানো যেত। কলকাতা থেকে প্রায় দেড়দিন কি দুদিনের ট্রেন সফর করে গৌহাটি, সেখান থেকে ২ দিন বাসে করে দুর্গম পাহাড়ি রাস্তা ধরে আগরতলা। অথবা দমদম থেকে ১ ঘন্টার বিমান পথে আগরতলা। বিমানে ওঠার ছাড়পত্র, অর্থাৎ টিকিট পাওয়ার জন্যে রীতিমতো সাধনা করতে হতো। প্রায় ৬ মাস আগে থেকে জল্পনা কল্পনা তোড়জোড় শুরু হতো। এখন যেমন সব জিনিস online হয়, সে সময় সব কিছু inline হতো। লাইনে স্বয়ং না দাঁড়ালে কোনো কাজ হতো না। বহু ছুটোছুটি করার পর গলদঘর্ম হয়েও সাধারণ লোক অনেক প্রত্যাশা, দুরাশা আকাঙ্খার মধ্যে দিন কাটাতো- আমার হবেতো?

এই জাতীয় কঠিন পরীক্ষার সম্মুখীন হতে হবে জেনেও অধ্যাপক রায় পদ্মার টাটকা ইলিশের টানে ১৯৭০ এর জানুয়ারী মাসের এক শিরশিরে শীতের দুপুরে তাঁর সামান্য তল্পি নিয়ে দমদম থেকে আগরতলায় নামলেন। কাঠখোট্টা রায়পুরের তুলনায় আগরতলা বড় মনোরম- চারিদিকে সবুজের প্রাধান্য। ক্ষেত খামার, আমবাগান, জামবাগান, লিচুবাগান, আতাবাগন, পুকুর-পুষ্করিণী, ঝিল, পাহাড়, টিলা, জঙ্গল- সব মিলিয়ে গ্রাম বাংলার কথা মনে করিয়ে দেয়। অধ্যাপক রায়ের মনের চোখে হয়তো ছেলেবেলায় দেখা ও ওপারবাংলার আদিবাড়ির পরিবেশের ছবি হালকা ভেসে উঠেছিল আগরতলাকে দেখে। সেই আসা ত্রিপুরা রাজ্যে, তল্পিতল্পা গুটিয়ে ফেরা হলো টানা প্রায় ২৬ বছর পর।

এখানে উল্লেখ করে রাখছি। এই গল্পের বেশির ভাগ কথোপকথন বাঙালে। কারণ ত্রিপুরাতে বাঙালিরা এসেছিলেন পূর্ব বঙ্গ থেকে। ত্রিপুরার মৌখিক বাংলাতে ঢাকাই, সিলেটী,চাটগাঁই, নোয়াখালিতে প্রচলিত বাংলা ভাষার সংমিশ্রণ তো আছেই আর আছে এক নিজস্ব পরিচিত।

এখানে উল্লেখ করে রাখছি। এই গল্পের বেশির ভাগ কথোপকথন বাঙালে। কারণ ত্রিপুরাতে বাঙালিরা এসেছিলেন পূর্ব বঙ্গ থেকে। ত্রিপুরার মৌখিক বাংলাতে ঢাকাই, সিলেটী,চাটগাঁই, নোয়াখালিতে প্রচলিত বাংলা ভাষার সংমিশ্রণ তো আছেই আর আছে এক নিজস্ব পরিচিত।

**ফোরসেপ--**

তখন আমি কলেজে পড়ি। Semester break এ বাড়ি এসেছি। সকালে অধ্যাপক রায় বেরিয়ে গেছেন ইউনিভার্সিটি। আমার মা ইস্কুল যাবার জন্যে তৈরী হচ্ছেন এবং নানা খুচখাচ কাজের মাঝে আমার সারাদিন ল্যাদ-চা-জলখাবার খাওয়ার ফাঁকফোকরে কি কি গৃহকর্ম সারতে হবে তার নির্দেশ দিচ্ছিলেন। এসবের মাঝে কলিং বেলের আওয়াজ।

দরজা খুলে দেখি গোলগাল চেহারার হাফ হাতা গেঞ্জি ও মালকোচা মারা ধুতি পরে হাসি মুখ করে জোড় হাতে এখ মাঝ বয়সী লোক দাঁড়িয়ে। দাঁত গুলো খয়ের পানের ঠেলায় একটা পাকাপাকি কাঠকয়লা টাইপের কালো। কপালে চন্দনের ফোঁটা আর গলায় ছোট রুদ্রাক্ষের মালা।

"মাসিমা আসেন"? ঘাড় বাঁদিকে কাত করে কিরকম একটা সুরেলা গলায় প্রশ্ন।

"হ, আসেন। আপনি কেডা? কি দরকার?"- আমি জিজ্ঞ্যেস করলাম।

"দাদু সকালে যাওনের সময় কইয়া গ্যালো যে আপনাগো স্নানঘরে কল থিকা বিন্দু বিন্দু জল পড়তাসে কয়েকদিন ধইরা.. গোবিন্দ, একবার সময় কইরা বাসায় গিয়া দেইখা আসো গিয়া। দাদু কইলেন যে বাসাতে আমাগো পোলা থাকবে। মাসিমাও থাকতে পারে"।

আমি একটু অবাক হয়ে কথা গুলো শুনছিলাম। হ্যাঁ, কল থেকে টিপ্ টিপ্ করে জল পড়ছে ঠিকই কিন্তু দাদু, মাসিমা.. ব্যাপার টা বুঝতে পারছিলাম না।

"আমি পোলা। আপনে ভিতরে আসেন, বসেন।,আমি মারে ডাইকা দিতাসি"। বলে আমি ভেতরে এসে দেখি মা মুখে আঁচল দিয়ে ফোঁপাচ্ছে।

আমি একটু অবাক হয়ে কথা গুলো শুনছিলাম। হ্যাঁ, কল থেকে টিপ্ টিপ্ করে জল পড়ছে ঠিকই কিন্তু দাদু, মাসিমা.. ব্যাপার টা বুঝতে পারছিলাম না।

"আমি পোলা। আপনে ভিতরে আসেন, বসেন।,আমি মারে ডাইকা দিতাসি"। বলে আমি ভেতরে এসে দেখি মা মুখে আঁচল দিয়ে ফোঁপাচ্ছে।

"তোমার আবার কি হলো ? বলে আমি কাছে যেতেই আঁচল সরিয়ে খিক খিক করে হেসে বিছানা গড়িয়ে পড়ল।

"তোর বাবাকে মুদিয়ালা, অটোওয়ালা, সবজিওয়ালা, প্লাম্বার, চুতোর মিস্ত্রি, কাগজ দেয় ছেলেটা... সবাই দাদু বলে, আর আমাকে নির্দ্ধিধায় মাসিমা বলে। এমনকি একসঙ্গে বাইরে দেখলেও।"

অধ্যাপক রায়ের মাথায় ঘন চুল বরাবর, কিন্তু বেশ তাড়াতাড়ি salt and pepper গোছের হয়ে গিয়েছিলো অবশেষে Pepper ন্যূনতম মাত্রায় ও নূনের প্রাধান্যের জেরে কাকু বা মেসো সমম্বোধন থেকে দাদুর graduation খুব শীঘ্রই হয়েছিল।

তো গোবিন্দ কলমিস্ত্রি এসে সোজা স্নানঘরে ঢুকে গেলো যন্ত্র পাতি নিয়ে। আমি আর মা টেবিলে বসলাম জলখাবার খেতে।

মিনিট ৫ একের মধ্যে গোবিন্দর উদ্ভাবন।

"আপনাগো ফোরসেপ আসে ?" বিগলিত চেহারায় হাত কচলে প্রশ্ন।

"হ, আসে। দেখেন বেসিনের উপরে কেবিনেট এ বাবার শেভিং কিট আসে, ঐটার ভিতরে পাইবেন।" আমি খেতে খেতে উত্তর দিলাম।

গোবিন্দ আবার বাঁদিকে ঘাড় কাত করে এক গাল হেসে "আইছ্যা, ঠিক আসে।" বলে চলে গ্যালো।

"ওর ফোরসেপ দিয়ে কি কাজ রে ?" মা'র প্রশ্ন এবার আমাকে।

"ভুরু প্লাক করবে হয়তো। নাহলে নাকের চুল টেনে তুলবে.. বা কলের ভেতর ঢুকিয়ে ময়লা সাফ করবে" আমি আর এর বেশি কি বলবো।

" মা'র সঙ্গে ইয়ার্কি হচ্ছে বাঁদর ছেলে ?"

"দাদা,আপনাগো পোরসেপটা দরকার"... গোবিন্দ মহারাজ আবার প্রকট হলেন।

" কি আশ্চর্য। ছেলে তো বললো কোথার রাখা আছে। নিয়ে নিন না.. মা'র আর্তি।

“দাদ, আপ্নে একটু এদিকে আসেন..” বলে গোবিন্দ আমায় এক প্রকার ঠেলে নিয়ে গেলো বাথরুমের দিকে।

আমাদের এই সরকারি আবাসন এর বাথরুমে ৩ টে দরজা-স্নানঘর, পটভূমি , ও একটি ছোট সেচাররুম। আচছো আমাদের পরিবারের টয়লেট কে আমরা পটভূমি নাম দিয়েছিলাম। নিছক মজা করে।

গোবিন্দ দুটো দরজা খুলে পটভূমি দেখিয়ে বললে “দাদা, আমার কখন থিকা কি জোর ফোরসেপ লাগসে। আপনাগো এইখানে যামু না বাইরে যামু চিন্তা করতে করতে আর পারতাসিলাম না। আমি যাই’?’

“হ্যাঁ হ্যাঁ যান যান-” বলে আমি পেটের ভেতর থেকে গুড়গুড়িয়ে ওঠা হাসিটাকে কোনো মতে সামলে ঘুরে দাঁড়াতেই দেখি মা মুখে আঁচল দিয়ে দেওয়াল ধরে ফোপাচ্ছে। আমি হাত ধরে হিড় হিড় করে টেনে ঘরে নিয়ে গেলাম। তারপর দুজনার গড়াগড়ি দিয়ে তুমুল পেটে খিল ধরা হাসি।

সাধু ভাষার অনেক শব্দই ভেঙে ভূঙে চলতি রূপান্তর হয়েছে। কিন্তু ভাঙার পর ভাষান্তর এই প্রথম শুনলাম- প্রস্রাব থেকে পোরসেপ।

গুফালের বাপ ঃ --

আমি তখন ক্লাস ৪ বা ৫ এ পড়ি। আগরতলাতে প্রথম এখটি বাড়িতে আমরা ভাড়া থাকি প্রায় ১২ বছর। বাড়িওয়ালা পরিবারেটি আমাদের কোনোদিন বুঝতে দেয়নি যে আমারা ভাড়াটে। সুখে দুঃখে হাসি কান্নায় সবসম একাত্মবোধটা রয়ে গেছিলো। এই বাড়িতেই আমার নেহাতই অতি কটি শিশু অবস্থা থেকে বেড়ে ওঠা। কাজেই আমাদের, ও বিশেষ করে আমার, সঙ্গে ওদের সম্পর্কটা আত্মীয়তার রয়ে গেছে আজও।

যাই হোক, সেই বাড়িটিতে অনেক গাছ গাছালি, পুকুর খোলা উঠোন ছিল। আমাদের ঘর ও বাড়িওয়ালাদের ঘরের মাঝখানে একটা বড় উঠোন ছিল যার ঠিক মাঝখানে ছিল একটি পেল্লাই লম্বা নারকোল গাছ।

এ বাদে ছিল দুখানা কুকুর, গোটা ছয়েক মুরগি, পুকুরে যৎসামান্য gras carp মাছ, জল ঢোঁড়া সাপের বর্ধিষ্ণ পরিবার ও একটি বনবেড়াল।

এ হেন স্থাবর অস্থাবর সম্পত্তির দেখভালের জন্যে দাম্মা, বাড়ির মালকিন, যাকে আমি দাদিমা আর ঠাম্মার অদ্ভুত মিশ্রনে সম্বোধন করতাম, দুজন লোককে নিযুক্ত করেছিলেন। এক গুফালের বাপ- আসল নাম কি ছিল লোকটার আজ জানা নেই। জ্ঞান হবার বহুকাল পর জানলাম ও হচ্ছে গোপাল নামক একটি ছেলের বাবা। গোপালের উচ্চতা প্রায় ৬ ফুট এর কাছে, সাকুল্যে ৫৫ কেজি ওজন হবে হয়তো । বয়স ৫০ এর কাছাকাছি। পরিধানে হাতকাটা গেঞ্জি, মালকোচা মারা খেটো ধুতি ও কোমরে গামছা। ও ছিল গাছ থেকে ফল পাড়ার বিশেষজ্ঞ- অন্তত ও তাই বলতো। আসল কাজ ছিল সেনগুপ্ত বাড়ির ধানী জমি ও পুকুরে মাঠ চাষ -যা শহরের অদূরেই অবস্থিত, তার দেখভাল করা। দেশ ভাগের সময় দাম্মা গোপালের বাপকে দাঙ্গা থেকে উদ্ধার করে নিজের কাছে আশ্রয় দেন। সেই থেকে আছে।

দ্বিতীয় জনের আসল নামও আমার জানা নেই- সকলে ওকে ইনদূর বলে জাকতো। কেন যে ওর এই নামকরণ হয়েছি কে জানে। বয়সে গোপালের বাপের থেকে বেশ কিছু ছোট। ও আসতো বেশ কিছু দূরে এক গ্রাম থেকে। বেশিরভাগ দিনই ভোরবেলা চলে এসে সারাদিন খ্যায়া দাওয়া কাজকর্ম, ফাইফরমাশ খেটে সন্ধ্যোর মুখে শেষ বাস ধরে চলে যেত।

তো গুফালের বাপকে গ্রীষ্মর এক রবিবারের সকালে দাম্মা ডাকলেন সেই পেল্লাই লম্বা নারকোল গাছ থেকে কচি ডাব পাড়ার জন্যে।

গ্রীষ্মকাল, প্রত্যন্ত ছোট শহরে বোতলের ঠান্ডা পানীয় পাওয়া দুষ্কর ছিল। তাই আম, জাম, কাঁঠাল, নারকোল ইত্যাদি ব্যবহার ও খাওয়া হতো খুব।

গোপালের বাপ সকালে এসে এক জামবাটি মুড়ি বাতাসা ও এক ঘটি চা খেয়ে ঢেকুর তুলে একটু ভাবুক দৃষ্টিতে গাছটা নিরীক্ষণ করতে থাকলো।

দাম্মা ও মা, আমাদের দাওয়াতে মোড়া পেতে বসে হাতপাখার হাওয়া খাচ্ছিল। আমি কুকুর দুটোর সঙ্গে উঠোনে খেলছিলাম।

“এই যে গুফালের বাপ, গাসের দিকে আক্কইরা বইসা থাকলে কি ডাবগুলি নিজের থিক্কা টুপটাপ কইরা পরবনি?” দাম্মার বাজখাঁই গলায় প্রশ্ন।

দাম্মার অনেক কম বয়েসে স্বামী মারা যান। নিজের হাতে জমিজমা সামলে ৪ মেয়ে ২ ছেলেকে বড়ো করেন। অনেক জীবনযুদ্ধের পোড়খাওয়া সৈনিক। কাজেই বাইরেটা বেশ শক্তপোক্ত, কিন্তু ভীষন মায়া, মমতা ও দরদে ভরা।

আমাদের গুফালের বাপেও কিছু কম যায় না-"মাসিমা গাসটা দেখসেন তো কি লম্বা আর মসৃন। পায়ে দড়ি বাইন্ধ্যা যদি উঠি, পিসলাইয়া পড়লে খবর আসে। তার উফরে যা গরম, হাতে ঘাম হইলে ধরতেও পরুম না।"

" আরে কও কি ? তুমি কি নাইকোল গাসে উঠতে পারো ? আসে উঠস কুনোদিন ?" দাম্মার ভুরু কুঁচকে জিজ্ঞাসা।

গোপালের বাপ মাথায় গামছাটা পেঁচিয়ে হনহন করে বাড়ির পিছন দিকে চলে গেলো।

"দেখসো শ্যামলী হ্যার কান্ডটা বেয়াক্কলে জানেওওনা নাইকোল গাসে কেমনে উঠতে হয়।" দাম্মার কিঞ্চিৎ হতাশা যুক্ত উক্তি মাকে।

খানিক পরেই গোপালের বাপের আবির্ভাব। মাথায় গামছা বাঁধা হাতে এখটা পেল্লাই বাঁশ।

"বাশ দিয়া করবাটা কিতা তুমি গুফালের বাপ ? দাম্মার জিজ্ঞাস্য।

"নাইকোলডি খুসা মাইরা ফালামু নিতে মাসিমা" গোপালের বাপ গাছের তলায় এসে রোদ্রে ভুরু কুঁচকে ওপরে তাকিয়ে অনেকটা স্বগতোক্তি করলো বলে মনে হলো।

"এই যে বাবুজি, কুত্তা নিয়ে এখটু দূরে সরো দেখি-"" এবার আমার দিকে তাকিয়ে। আমায় ওই পাড়ায় সবাই বাবুজি বলে ডাকতো, এখনো গেলে ওই নামেই সবাই সম্বোধন করে।

আমরা সবাই বেশ কিছুটা দূরে সরে গিয়ে নারকোল গাছে না উঠে জাব পাড়ার এই অভিনব পরিকল্পনা দেখার অপেক্ষায় বসলাম।

ততক্ষমে গোপলের বাপের বাঁশ দিয়ে দাবি খোঁচানো সুরু হয়ে গ্যাছে। গাছ ও নিজের উচ্চতার সঙ্গে তালমিল ) ভারসাম্য বজায় রাখতে গিয়েই গোপালের বাপের বেশ গলদঘর্ম অবস্থা । কিন্তু খুব সহজে হাল ছাড়ার পাত্র সে নয়।

ধপাস আমরা সবাই কড়া রোদ্দুর হাতের তালু দিয়ে আড়াল করতে ব্যস্ত, সেই সময় প্রথম খোঁচা কাওা জাবের মর্ত্যে' অবতরণ।

" মাসিমা পরসে, পরসে।" গোপলের বাপের উচ্ছসিত গলা।

আমরা ও কিঞ্চিত উৎফুল্ল হয়ে মাটিতে পড়া দুটি কচি ডাবের দিকে আরো কিছুটা আসাজনক ভাবে গোপালের বাপের দিকে তাকালাম।

"আরে এইডা কবে শিকলা তুমি? দাম্মার প্রশ্নের উত্তরে এক  গাল দাঁত বার করা হাসি গোপালের বাপের।

"দেখ, মাথায় যাতে না পড়ে" এবার আমার মা।

গামছায় ঘাম মুছে গোপালের বাপ আবার বাঁশ নিয়ে চোখমুখ কুঁচকে ওপর দিকে নিশানা ও মনোযোগ দিলো।

এর পরের ঘটনাটি নিমেষের মধ্যে হলো।

ঢক করে একটি আ্যয়াজ। গোপালের বাপের হাত থেকে বাঁশ পরে যাওয়ার স্লো মোসান। একটি মাঝারি সাইজের জাব উঠোনে গড়াগড়ি খাচ্ছে। গোপালের বাপ দুহাত দিয়ে মুখ ঢেকে উবু হয়ে মাটিতে বসলো এবং তখনি নজরে এলো যে ওর দুহাতের ফাঁক গিয়ে গলগল করে রক্ত পড়ছে। সেই রক্ত কনুই বেয়ে টপটপ করে উঠোনে পড়ে মাটি লাল করে ফেলেছে।

এই দৃশ্যের পর কয়েক মুহূর্ত আমরা কেমন থম মেরে বসে রইাম, এত রক্তপাত দেখা যে কারুরই অভিজ্ঞতায় নেই সেটা বোঝা গ্যালো।

ইতিমধ্যে গোপালের বাপের গেঞ্জি রক্তে ভিজে লাল।

"মাইগ্গো, কি কান্ড করসো?" দাম্মা হতচম্বিত হয়ে দাঁড়িয়ে।

"মাহিমা, আমার ডাটখান পইরা গেসে। খুইজ্যা পাইতাছি না-" গোপালেরবাপ একহাতে গামছা দিয়ে মুখ ঢেকে হামাগুড়ি দিয়ে উঠোনে হাতড়ে বেড়াচ্ছে।

"আরে রাখো তোমার দাঁত- জল দাও মুখে। আর কই লাগসে, কও দেখি"... দাম্মা তড়িঘড়ি করে রান্নাঘর থেকে চিনির কৌটো নিয়ে এলেন।

গোপালের বাপ ততক্ষনে কুকুর ঘাটে গিয়ে ছপাং ছপাং করে মুখে জল দিচ্ছে। মা ঘরে ঢুকে ডেটল, তুলো, গজ বার করে আনলো।

অধ্যাপক রায়, বারান্দায় অদূরে ইজিচেয়ারে বসে কাগজ পড়ছিলেন। অনেকটা স্বগতোক্তির মত "নিরেট অকাল কুষ্মন্ড কোথাকার।"

এদিকে দাম্মাগোপালের বাপ কে ডাকতে ডাকতে পুকুর পাড়ে।

ওই রক্তারক্তি কাণ্ডের মাঝখানে দাঁত হারানোর ব্যথা তখন তুঙ্গে গোপালের বাপ চিনির কৌটো দেখে বললো "মাহিমা, সিনি খাইনা। ডাক্তার মানা করসে। হুকনা (শুকনো) মিষ্টি থাকলে দেন"।

অবশেষে, দেখলাম বাবা Humber সাইকেল বার করে বাজখাঁই গলায় "এই যে গোপালের বাপ এসো। পেছনে বস ডাক্তার শিলের চেম্বারে যাবা।"

এর পরের দৃশ্য যারপরনাই কৌতুক পরায়ন। বাবার ২২ ইঞ্চি সাইকেলের নিচু পেছনের ক্যারিয়ারে গোপালের বাপ বসলো। বসে ঠ্যাং দুটো হাওয়াই সামনে তুলে দিলো। মুখে রক্তাক্ত গামছা। বাবার টলোমলো সাইকেল চালানো। আমরা গোটা চারেক ছেলেপিলে আর তিনটে পাড়ার কুকুর পেছনে বাড়ি থেকে ডাক্তারের চেম্বারে বড়জোর ৩০০ মিটার। আমাদের শোরগোল শুনে পাড়ার ক্লাবের ছেলেরাও যোগ দিলো। দুজন সামনে, দুজন পেছনে সাইকেল ধরে চলল।

যখন ডাক্তার শীলের চেম্বারে এর সামনে এলাম, মোটামুটি জনা দশেক লোক।

"দাঁত টা তো খুইজ্য বাইর করতে হইবো তোমার" ডাক্তার বাবু ড্রেসিং করতে করতে গোপালের বাপ কে বললেন।

এর অধঘন্টার পরে আমাদের বাড়িতে পাড়ার গোটা দশেক ছেলে আর গোপালের বাপ মিলে দাঁত খোঁজা শুরু করলো।

আজীবনের দাঁত খুইয়ে যাওয়ার আফসোস গোপালের বাপের থেকে গেছিলো।

# অনুরিমা

## কুসুমিতা সাহা

ম্যাগাজিনের পাতা ঘাটছিল অনুরিমা। পাখাটা ঘোরা সত্ত্বেও অনুরিমার গরমটা লাগছিলই-, বিরক্ত হয়ে নিজের মনেই একবার বলল 'ধ্যাৎ, বিচ্ছিরি গরম পড়েছে।' ঠিক এই সময়ই ফোনটা এল। অনুরিমা জানে টিনাই করেছে। কারণ, ফোন নম্বরটা শুধু ওই জানে। দৌড়ে গিয়ে রিসিভার উঠিয়ে 'হ্যালো' বলতেই গলাটা ভেসে এল-

'তাহলে তুই চলেই গেলি !'-

অনুরিমার বা হাতটা ঘামতে শুরু করেছে। এই ব্যাপারটা ওর ছোট থেকেই। একটু টেনশন হলেই ও ঘামতে শুরু করে। ডান হাত দিয়ে রিসিভারটা ধরে বা হাতটা মুছে নেয়।

- কি হল ? কিছু বলছিস্ না যে।

গলাটা শুকিয়ে কাঠ হয়ে আসছিল অনুরিমার। কোনক্রমে বলল- 'উপায় ছিল না রে দিদি। আর কি করতাম বল্। তুই তো সমস্ত ব্যাপারটাই জানিস। মা কোন দিনই মেনে নিতো না।'

- তুই কি একবারও মায়ের কথা ভাবলি না, মায়ের মানসিক অবস্থা কি হতে পারে ? মা দিন-রাত মন খারাপ করে বসে আছে। অফিসেও যাচ্ছে না।

অনুরিমার মাখে কোন কথা যোগাচ্ছিল না। শুধু মায়ের কথা শুনে আবার মনটা ভীষণ খারাপ হয়ে গেল। কোনক্রমে একবার জিজ্ঞেস করল -

'মায়ের শরীর কেমন আছে রে দিদি ?'

- আজকে টিনার সঙ্গে দেখা হ'ল। শুনলাম, ওই শুধু জানে তোরা কোথায় উঠেছিস। ফোন নম্বরটা দিল। আমি বুথ থেকে করছি। বাড়ী থেকে করলাম না। কেন, সেটা তোকে নিশ্চয়ই বোঝাতে হবে না।

দিনি অত্যন্ত বিরক্তভরে লাইনটা কেটে দিল, সেটা খুব ভালো করেই বুঝল অনুরিমা। দিদির কথার সুরে মনটা ভারাক্রান্ত হয়ে উঠল। আস্তে রিসিভারটা রেখে

ওখানেই বসে থাকে। মনে পড়ল সেই দিনগুলির কথা। বয়স তখন চার, বাবা চলে গেলেন, আবছা মনে আছে। এরপর স্কুলে ভর্ত্তি হওয়া, দিদির সাথে একসাথে স্কুলে যাওয়া, সেই দিনগুলি। বাবার চাকরীটা মা পেল। সেই থেকে ওদের বড় হয়ে ওঠা মূলতঃ একাই।

ছোটবেলা থেকেই অনুরিমার একটা অভ্যাস ছিল সাধারণ ব্যাপারগুলির উপরেও চোখ রাখা। যেমন মায়ের আড়ালে কাঁদা, পাশের বাড়ীর জেঠুর অবসর নেওয়ার পরে ছোট-ছোট ব্যাপারেও কটুক্ত শোনা, এসব আরও অনেক কিছু। ওর কবিতা, গল্প লেখার সূত্রপাতও কিন্তু এগুলির কেন্দ্র করেই। স্কুল ম্যাগাজিনে ওর প্রথম গল্প ছাপা হয়েছিল ও তখন ক্লাস এইটে। জেঠুর পরিবারের নামগুলি পাল্টে দিয়েছিল শুধু। ক্লাস টিচার মিতা দত্ত সকলের সামনে প্রশংসা করেছিলেন। সেই শুরু। এরপর থেকে স্কুল ম্যাগাজিন, কলেজ ম্যাগাজিনে ওর লেখা প্রশংসা পেয়েছে। আত্মীয়স্বজন যারাই দেখেছেন তারাই ভূয়সী প্রশংসা করেছেন। টিনার সঙ্গে বন্ধুত্বও হয় ওর একটা গল্পকে কেন্দ্র করেই। তারপর থেকেই বাড়ীতে যাতায়াত শুরু। টিনা বলত 'দেখিস তুই একদিন বড় রাইটার হবি'। অনুরিমা হেসে বলত 'ধ্যাৎ, অন্য কথা বল'।

এরকমই একদিন সন্ধ্যায় টিনার বাড়ীতে আর অন্য কয়েকটা দিনগুলির মতই সাহিত্যের আড্ডা চলছিল, সঙ্গে হাসি-ঠাট্টাও। টিনা বলছিল 'যাই বল তাই বল আমার কিন্তু বর্তমানে যারা লিখছে এদের মধ্যে বুদ্ধদেব গুহকেই ভাল লাগে'। অনুও সায় দিয়েই বলে 'ঠিকই আছে, তবে আমার কিন্তু মহাশ্বেতা দেবীর লেখাও ভীষণ ভাল লাগে।' হঠাৎ কলিং বেলটা বেজে উঠায় টিনা দরজা খুলেই বলে 'আরে রাহুলদা, তুমি! বলা নেই কওয়া নেই, আসার আগে একটা রিং করতে পারতে তো।' অনু আড়চোখে দেখল ক্যামেরা কাঁধে প্রায় ছ'ফুট উচ্চতার একটা শ্যামলা বর্ণের ছেলে দরজায় দাঁড়িয়ে আছে। সারা মুখে ক্লান্তির ছাপ। এটাও লক্ষ্য করছিল সমস্ত ক্লান্তির পরেও ছেলেটার হাসিটা অমলিন রয়ে গেছে। তারপরেই নিজেই লজ্জা পেয়ে হাতে ধরা 'দেশ' পত্রিকায় চোখ ফিরিয়ে নিয়েছিল। টিনা এসে বলে 'অনু, ইনি রাহুল বসু। আমার দাদার বন্ধু। সাংবাদিকতার কোর্স করে এখন প্রেস ফটোগ্রাফারের চাকরী করছেন।' এক মূহুর্তও না থেমে টিনা বলে 'রাহুলদা', আমার বন্ধু অনু; অনুরিমা চ্যাটার্জী। ওরও ইংরাজীতে অনার্স।'

- নমস্কার, স্মিত হেসে বলল অনু।

রাহুলও প্রত্যুত্তরে সেই অমলিন হাসি বজায় রেখেই বলল 'নমস্কার'।

সেদিন কিছু সৌজন্যমূলক কথাবার্তা ছাড়া আর তেমন কোন কথা হয়নি। কারণ অনুকে বাড়ী ফিরতে হত। ফেরার সময় মনে মনে রাহুলের কথাই ভাবছিল। ভাবতে ভাল লাগছিল ওর হাসিটা। আজকের এই পৃথিবীতে বেঁচে থাকার জন্য ঠিক কি দরকার। সুখ না শান্তি? ওদের বাড়ী থেকে একটু দূরে একটা বস্তি আছে। সেখানকার লোকগুলোকে দেখে অনু একটাই কথা ভাবে- এদের জীবনে সুখ নেই, সারা দিনের হাড়ভাঙ্গা খাটনির পর কোন রকমে দিনের খরচ চালায় অথচ বেশ আনন্দেই আছে কিন্তু! আনন্দটা না থাকলে এরা বাঁচতেই পারত না। সুখ আর আনন্দ এককথা নয়। একটা খুশীর আমেজ নিয়েই বাড়ী ফিরেছিল সেদিন।

- আপনি গল্প লেখেন?

- ওই একটু আধটু। না বললেই চলে।

- আমি কিন্তু পড়তে ভালবাসি।

- তা পড়াটাও তো একটা ভাল অভ্যাস।

- যাক, পাঠকেরও দাম দিচ্ছেন বইকি।

- পাঠকই তো সব।

ফুচকা খেতে খেতে বই মেলায় কথা বলছিল ওরা। আলাপ পরিচয়ের রাস্তা ধরে সবুজ জীবনের স্বপ্ন দেখা শুরু হয়েছে তখন। রাহুলের চোখে নীল আকাশ দেখতো অনু। মনে মনে বলত, আমি শরতের সাদা তুলোর মত মেঘ হয়ে ওই আকাশে ভেসে বেড়াব। গল্পে লিখতো কেউ এসেছে চাঁদ থেকে আনা দুধ সাদা আলোর ভালবাসা দিয়ে আমাকে ভরিয়ে দিতে। অনাবিল আনন্দে ভেসে বেড়াচ্ছিল অনুরিমা।

- দিদি, আমি একজনকে ভালবেসে ফেলেছি। সাহস করে অনু একদিন কথাটা বলেই ফেলেছিল তনুরিমাকে।

- তোর কিন্তু অনার্সটা এখনও শেষ হয়নি।

- সেটা আমি কমপ্লিট করবো।

- তা ছেলেটি কে? কি করে?

- ওর নাম রাহুল বসু। একটা অনামী প্রেসে ফটোগ্রাফারের কাজ করে। সাংবাদিকতার কোর্সও কমপ্লিট করেছে।

অনুরিমা বরাবরই সত্যি কথাটা বলতে ভালবাসে। এই ব্যাপারটায় ওর কোন রাখঢাক নেই।

- অসম্ভব! তাও যদি বুঝতাম যে নামী দামী কোন পত্রিকায় কাজ করছে -

অনুরিমা সেদিন আর কোন কথা বলেনি। এরপরে বাড়ীতে এনিয়ে প্রচুর জলঘোলাও হয়েছে। মা বিস্তর কান্নাকাটিও করেছেন। অনু বুঝিয়েছে, বলেছে একদিন রাহুল ভাল জায়গায় যাবে। মা মানেননি। শেষে একদিন অনু টিনাকে বলে রাহুলের সাথে বেড়িয়ে গোপনে বিয়েটাও সেরে ফেললো। আজ দিন দশেক হল এই ভাড়া বাড়ীতে এসে উঠেছে। যাওয়ার আগে বাড়ীতে একটা চিঠি দিয়ে এসেছিল শুধু।

- কি হ'ল দরজাটা খোল।

রাহুলের গলা শুনে সম্বিত ফিরে আসে অনুর, ধীর পায়ে এগিয়ে গিয়ে দরজাটা খুলে দেয়।

- কি ব্যাপার বলতো! বেশ কিছুক্ষণ ধরে তোমাকে ডাকছিলাম। কি হয়েছে। তোমার?

- না কিছু না।

- বাড়ীর কথা মনে পড়ছে তো! দেখো একদিন সব ঠিক হয়ে যাবে।

অনুর চোখ ছলছল করে ওঠে।

'ধীরে ধীরে একটা বছর কেটে গেল'- মনে মনে কথাটা বলতে বলতে অনু আয়নার সামনে বসে। রাহুল দিন পনের হ'ল একটা খবরের চ্যানেলের সংবাদদাতা এবং ফটোগ্রাফার হয়েছে। অনেক কষ্ট করে রাহুলকে এই জায়গাটায় পৌঁছতে হয়েছে। অনুও ব্যাপারটা জানে। তাই রাহুলকে কখনই নিজের কাজের জন্য বাধা দেয়নি। কেনই বা দেবে? রাহুল তো এই জায়গাটাতেই পৌঁছতে চেয়েছিল, ওরা একটা দু'কামরার ফ্ল্যাটে থাকছে। চ্যানেলের মালিক ব্যবস্থা করে দিয়েছেন। রাহুল কাজে

ঢোকার পর থেকেই ভীষণ ব্যস্ত হয়ে পড়েছে। ওকে বেশীর ভাগ সময় বাইরেই কাটাতে হয়। অনু প্রথম- প্রথম ব্যাপারটাকে মেনে নিলেও এখন একটু কষ্ট হয়। সমস্ত সুখ পাওয়ার পরও একটা কষ্ট বুক ছাপিয়ে ওঠে। কি পেয়েছে সে? ভালবাসা তো দিয়েছে অনেক। পেয়েছে কতটুকু? আজকাল রাত্রে ঘুমই আসতে চায়না। রাহুলের ক্লান্ত অবসন্ন শরীরটার দিকে তাকিয়ে কষ্টটা আবার গলায় দলা পাকাতে থাকে। এভাবেই দিন কাটে ওদের। মাঝে মধ্যে টিনার সঙ্গে যোগাযোগ হয়। একদিন টিনা এসে একরকম জোর করেই অনুকে বাড়ী থেকে বের করে।

- চ, ভাল একটা চিত্র প্রদর্শনী হচ্ছে। তোকে যেতেই হবে।

- না রে! তুই -ই যা। আমার শরীরটা ভাল নেই।

অনুর কণ্ঠে হতাশা স্পষ্ট হয়ে ওঠে।

- চলতো। একা এভাবে বসে না থেকে একটু বাইরে বেরুলেই দেখবি ভাল লাগবে। রাস্তায় হাটছিল দুজনে।

- টিনা, সুখ আর আনন্দ এক নয়; তাই না।

- হঠাৎ এ কথা! তুই তো এখন আমাদের মধ্যে ঈর্ষার কারণ হয়ে দাঁড়িয়েছিস। আমরা নিরস M.A. করছি আর তুই মজা মেরে রাহুলদার সাথে বাইরে ঘুরছিস। যেখানে যেতে চাইছিস নিয়ে যাচ্ছে।

- তোকে কে বলল এসব কথা?

- কেন? রাহুলদা যেরকম ছেলে তাতে তো এটা মনে করাই স্বাভাবিক।

অনুর মনে হচ্ছিল পায়ের নীচ থেকে মাটিটা সরে যাচ্ছ। কোনরকমে টাল সামলে বলল, ‘আজ আর শরীরটা ভাল লাগছে না রে।’ বলে কোন রকমে দেহটাকে বাড়ীতে নিয়ে এল। রাতে ওদের মধ্যে আর কোন কথা হয়নি। রাহুল হঠাৎ একদিন বাড়ীতে এসেই ‘হুররে’ বলে লাফিয়ে উঠল।

- এক্সাইটিং নিউজ অনু! শুনলে তুমি খুশিতে ভরে যাবে তিনমাস পরে আমাকে স্টেটস্ যেতে হবে একটা অনুষ্ঠানের কভারেজের জন্য। আমাদের মধ্যে একমাত্র আমিই সিলেকটেড। সঙ্গে তুমিও যাবে। তাছাড়া বিয়ের পরে তো কোথাও যাওয়া

হয়নি। নিউইয়র্ক, লসএঞ্জেলেস তো যাবই সময় পেলে লাস ভেগাসেও যাব।

- রাহুল, তুমি কালাহান্ডি যাবে বলেছিলে যে বিয়ের আগে। দুর্ভিক্ষের ছবিগুলি এনে প্রদর্শনী করবে।

- লিভ ইট! কি হ'ত? সেই দ্বারে ঘুরতেই হত। বাস্তবের সঙ্গে কল্পনাকে আর মেলানোর চেষ্টা করি না।

অনু কোন কথা বলল না। ম্যাগাজিনের পাতায় আবার চোখ রাখল।

- তোমার ভাব দেখে মনে হচ্ছে না, তুমি ব্যাপারটা শুনে খুব খুশী হয়েছ।

- কই, না তো।

- তাহলে সেরকম কোন উচ্ছ্বাস দেখালে না যে।

- রাহুল, ভাবছি গল্প লেখাটা শুরু করব।

- করলে করতে পার। আমার কোন আপত্তি নেই।

অনু সামান্য হেসে শুয়ে পড়ে। পাশের ঘরে রাহুলের ড্রেস পাল্টাতে পাল্টাতে অস্ফুট স্বরে বলা 'ওয়ার্থলেস' কথাটা ওর কানকে এড়িয়ে যায়নি।

সম্প্রতি 'অহল্যা' ছদ্ম নামে একজনের লেখা বেরচ্ছে। এই গল্পগুলোও মানুষের জীবনের সাধারণ সমস্যাকে কেন্দ্র করেই। টিনা খুব মনোযোগ দিয়ে বাড়ীতে বসে পড়ছিল। পড়াটা বন্ধ করেই অনুরিমাকে ফোন করে।

- হ্যালো। কে টিনা?

- হ্যা শোন্ একজনের লেখা বেরচ্ছে 'অহল্যা' ছদ্মনামে, তুই পড়েছিস?

- হ্যা। একটু আধটু পড়েছি।

- কি দারুন না। আমি কিন্তু ওনার ভক্ত হয়ে পড়েছি।

- আজকাল আমার শরীরটা ভাল যাচ্ছে নারে। কিচ্ছু খেতে ভাল লাগে না। মাথা ঘোরে সবসময়। খুব দুর্বল লাগে।

- সে কি রে? ডাক্তার দেখাসনি।

- একটু বাড়ীতে আসবি। তোকে সঙ্গে করে একটু ডাক্তারের কাছে যাব।

- যাচ্ছি।

ডাঃ বোস দেখে শুনে কিছু পরীক্ষা করতে দিয়েছেন। এরই মাঝে টিনা অনুর অসুস্থ হওয়ার খবরটা ওর বাড়ীতে দিয়েছে। মা, দিদি দুজনেই এসেছেন পরীক্ষার রিপোর্টগুলো নিয়ে যেতে। সঙ্গে টিনা, অনুও এসেছে।

- কেমন বুঝলেন ডাঃ বোস ? উদ্বিগ্ন কণ্ঠে তনুরিমা প্রশ্ন করে।

ডাঃ বোস একটু থেমে বললেন 'ব্লাড ক্যানসার ! লাস্ট স্টেজ। ভাল ক্যানসার হাসপাাতলে নিয়ে যান। যদি কোন মির‍্যাকল্ ঘটে।

ট্রেনে যেতে যেতে কত কথাই ভাবছিল অনু। ফেলে আসা কিছু দুঃখ, কিছু সুখস্মৃতি। রাহুল আস্তে ওর মাথায় হাত বুলিয়ে বলছে 'শুয়ে পড়ো অনু। সন্ধ্যা নেমে আসছে।' দিদি গ্লাসে ফলের জুস দিয়ে বলল 'এটা খেয়ে নে'। সবকিছুই ঝাপসা শোনাচ্ছিল ওর কাছে। শুধু শুষ্ক হেসে একবার বলল 'রোগটা না হলে এসব জায়গায় আসাই হত না।' সিরসিরে হাওয়া আসছিল বাইরে থেকে। রাহুল জানালাটা টেনে নামিয়ে দেয়। অনুর গায়ে একটা কম্বল দিয়ে শুইয়ে দেয়।

দিন সাতেক হল মুম্বাই এর টাটা ক্যান্সার রিসার্চ সেন্টারে' ভর্তি হয়েছে অনু। ওর অবস্থা দিনে দিনে আরও খারাপ হচ্ছে। ডাক্তার এসে পেশাদারী ভঙ্গীতে বলে যান : 'We are trying our label best।' মাঝে মধ্যে মুম্বাইতে রাহুলের বন্ধুরা এসে শুভকামনা করে যান। কেউ কেউ আবার কার্ডও আনেন আরোগ্য কামনা করে। হঠাৎ একদিন অবস্থা অবনতি হয় খুব তাড়াতাড়ি। সেদিন সারাদিন ডাক্তাররা ওকে নিয়েই ব্যস্ত ছিলেন। এরই মাঝে একজন মহিলা এসে বললেন 'একস্‌কিউজ মি মিঃ বোস। ইওর কল ফ্রম ক্যালকাটা।' রাহুল তনুকে 'আসছি' বলে হন্তদন্ত হয়ে রিসেপসন সেন্টারের দিকে ছুটে গেল।

- আই এ্যাম মিঃ বোস।

- ও প্লিজ রিসিভ ইট।

রাহুল ফোনটা তুলে 'হ্যালো' বলতেই ও প্রান্ত থেকে ভেসে এল- 'সরি মিঃ বোস; আপনাকে একটু ডিসটার্ব করছি। অনেক কাঠখড় পুড়িয়ে পাবলিশার্স থেকে জানতে

পেরেছি যে 'অহল্যা' ছদ্মনামে যিনি গল্প উপন্যাস লিখছেন তিনি আসলে অনুরিমা চ্যাটার্জী, আপনারই স্ত্রী। শুনলাম তিনি এখানে চিকিৎসাধীন। আপনি শুনে খুশী হবেন যে, অনুরিমা দেবী এবছর তার 'ভাঙ্গাগড়ার খেলা' উপন্যাসের জন্য সাহিত্য একাদেমী পুরস্কার পেয়েছেন। আমরা ওনার দ্রুত আরোগ্য কামনা করছি। আপনি কাইন্ডলি ওনাকে খবরটা জানিয়ে দেবেন।' রাহুল কাঁপা কাঁপা হাতে ফোনটা রেখে কেবিনের দিকে ধীরে ধীরে হাঁটতে শুরু করল। ওর মনে হচ্ছিলো রিসেপসন সেন্টার থেকে কেবিনের দূরত্ব যেন কয়েক যোজন- এতদিনের তাচ্ছিল্য, উদাসীনতা, অহমিকাবোধ সবমিলিয়ে একটা অপরাধবোধ যেন রাহুলকে গ্রাস করছে।

কেবিন ঢোকার মুখেই বিদ্ধস্ত রাহুলের কাধে একটা ধাক্কা লাগল। এক মূহুর্ত ঘরের দিকে তাকিয়েই ডাক্তারের কাছে জড়ানো কণ্ঠে জিজ্ঞেস করলো- 'হোয়াট'জ হ্যাপেন্ড্ ডক্টর?' ডাক্তার আলতোভাবে রাহুলের কাঁধে হাত রেখে শান্ত স্বরে বললেন- 'উই আর এক্সট্রিমলী সরি, মিঃ বোস; সি ইজ অলরেডি এক্সপায়ারড্।' হতভম্ব রাহুলের চোখ পড়লো এবার অনুরিমার নিস্পন্দ শরীরটার দিকে -, বুকের ওপর আছড়ে পড়ে অঝোরে কেঁদে চলছে তার দিদি তনুরিমা, বিকেল গড়িয়ে সন্ধ্যা নেমে এসেছে, গাঢ় কুয়াশার আস্তরণ চারিদিক বিষন্নতায় ঢেকে দিচ্ছে। আর ততক্ষণে অনুরিমা চলে গেছে আমাদের সকলের ধরাছোয়ার বাইরে ...।।

''আমাদের থাক মিলিত অগ্রগতি;
একাকী চলতে চাইনা এরোপ্লেনে;
আপাততঃ চোখ থাক্ পৃথিবীর প্রতি,
শেষে নেওয়া যাবে শেষকার পথ জেনে।
- *সুভাষ মুখোপাধ্যায়।*

*With Best Compliments from*

# A WELL WISHER

*With Best Compliments from*



# Sepio Products

*With Best Compliments from*



# LLOYDS ENTERPRISE

With
Best
Compliments
From

# DI TECH MOULDS

*With Best Compliments From*

# SUMMIT TECHNODYNE PRIVATE LIMITED

Krishti™

Sharodotsab -2023

With
Best
Compliments
From

# NARENDER WALIA

*Mr. N.S.Walia*

A-14 RH2, SECTOR-7,VASHI, NAVI
MUMBAI - 400703
PHONE: 022-25652929

With
Best
Compliments
From



# A Well Wisher

TOSOH

# TOSOH INDIA PVT. LTD.

## Catering To Your Testing Requirements




### Allergy Diagnosis

Allergy is one of the most prevalent disease in India. Early diagnosis and optimal treatment is required to control it's adverse effects. Tosoh India's allergy test estimates nearly 300 specific allergens using the advanced Component Resolved Diagnostics (CRD). CRD helps in accurate identification of the exact allergens.

### Diabetes Diagnosis

Diabetes, a serious disease that can cause damage to heart, kidney and nerves. A simple HbA1c blood test can help you to counter all these complications. Tosoh India's range of fully-automated HPLC analyzers accurately and rapidly estimates HbA1c. True HbA1c results helps your diabetologist to, diagnose, monitor and treat diabetes at the earliest.

### Hormonal & Metabolic Disorder Diagnosis

Tosoh India's range of instruments and regents detects many different pathological conditions of the body such as thyroid disorders, fertility related disorders, different types of cancer, anemia, prenatal screening, PCOS, diabetes, growth related deficiency, bone disorders etc. These disorders are usually caused due to imbalance (either low or high) of hormones or various proteins in the blood.

To find out nearest laboratory/hospital using state-of-the-art Tosoh products, please contact us at:
Tel.: +91 22 614 85200 | contact@tosohindia.com | www.tosohindia.com


www.sbilife.co.in
Karo poore apne iraade, apno se kiye sabhi vaade.
SBI Life Insurance Plans - your first step towards the journey of fulfilling your dreams and those of your loved ones.
Insurance Plans With Savings
Insurance Plans With Wealth Creation
Protection Plans
Child Plans With Insurance
Retirement Plans
Toll-free No.: 1800 267 9090 (24X7)
SMS 'LIBERATE' to 56161
Email: info@sbilife.co.in
SBI Life
Apne liye. Apno ke liye.
BEWARE OF SPURIOUS PHONE CALLS AND FICTITIOUS/FRAUDULENT OFFERS
IRDAI is not involved in activities like selling insurance policies, announcing bonus or investment of premiums. Public receiving such phone calls are requested to lodge a police complaint.
The above mentioned plan names are only names of categories of plans. Trade logo displayed above belongs to State Bank of India and is used by SBI Life under license. Registered and Corporate Office: SBI Life Insurance Company Limited, Natraj, M.V. Road & Western Express Highway Junction, Andheri (East), Mumbai-400 069 • IRDAI Registration No. 111
Website: www.sbilife.co.in • Email: info@sbilife.co.in • Toll free no: 1800 267 9090 (Customer Service timing: 24X7)
CIN: L99999MH2000PLC129113
AP/Cr1/08/23/ADVT/ENG